



	4

## মমতা বন্দ্যোপাখ্যায়কে যেমন দেখেছি

দীপক কুমার ঘোষ



কল্কাতা প্রকাশন ৪৮/১২ নেতাভি সূভাষ্টভ বসু রোড কলকাতা - ৭০০ ০৪০ Mamatake Bandopadhayke Jemon Dekhechi মমতা বন্দ্যোপায়ায়কে যেমন দেখেছি

এই বইয়ের যাবতীয় তথা ও মন্তব্যের দায় লেখকের নিজন্ব © Kolkata Prakashana

এই বইয়ের লিখিত কোনো অংশ বিনা অনুমতিতে মুদ্রণ করা যাবে না

श्रष्ट्म : त्राव्यर्थि मस

মুদ্ৰৰ : একাদৰ

श्रुक त्रिष्ठिर : नष्कत्र मान

माम : २०० हाका

वर्ष সংস্থাপন : সোনু ক্রিয়েশন,

১৪৪ জরবিন্দ সরণি কলকাডা - ৭০০ ০০৬

ক্ষকাতা প্রকাশনের পক্ষে সৌরভ মণ্ডল কর্তৃক প্রকাশিত ও প্রিন্ট পাব ক্ষকাতা দারা মুদ্রিত

## কৃতজ্ঞতা স্বীকার

নিম্নলিখিত ব্যক্তিরা-সহ আরো অনেকের থেকে আমি যে উৎসাহ ও সহায়তা পেয়েছি, তার জন্য কৃতন্ধ এবং সকলকে ধন্যবান জানাচ্ছি।

- ১. অধ্যাপক সুনন্দ সান্যাল
- ২. শ্রী হিমাংশু হালদার
- ৩. প্রী দিলীপ চক্রবর্তী
- 8. শ্রী অমিতাভ মন্ত্রুমদার
- ৫. শ্রী বলাই চক্রবর্তী
- ७. श्री निर्दिप ताग्र
- আমার যে বন্ধু আমাকে (ক) ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ও (খ) পুরীর 'সোনার তরী' হোটেলের বিষয়ে খোঁজখবর নিতে সাহায়্য করেছেন।
- ৮. সেই সমস্ত সংবাদপত্র, পত্রিকা ও টি.ভি চ্যানেল, যাদের রিপোর্ট, মস্তব্য ও ছবি তাদের আনুষ্ঠানিক অনুমতি ছাড়াই ব্যবহৃত হয়েছে।

আরো কেউ কেউ নির্ৎসাাহিতও করেছেন। তাঁরা ফ্যাসিবাদ ও স্বৈরতম্রের বৃক্ষে জল দিচ্ছেন, সে বৃক্ষটিকে থাকলে এবং বেড়ে উঠলে তাঁরাও তার শিকার হবেন।

> দীপক কুমার ঘোব কলকাতা. ১৮.০৫.২০১২

এগারো	গ্রাসর্ট ওয়েলফেয়ার ট্রাস্ট—ও মমতা-সহ কিছু	
	মানুষের ব্যক্তিগত মুনাফা অর্জন।	200
বারো	স্থ-ঘোষিত 'সততার প্রতীক' মমতা, বস্তৃত	,
	একজন দুর্নীতিগ্রস্ত রাজনীতিক।	700
তের	কৃতিত্বের ভূয়ো দাবি—তিনি কোপা পেকে টাকা	
	পেয়েছেন; যদি তিনি টাকা পেয়েই থাকেন তবে	
	ক্নেীয় সরকারকে আর্থিক সহায়তার প্যাকেন্দ্রের	
	জন্য চরম সময়সীমা দিচ্ছেন কেন?	706
চোদ্ধ	মমতা বন্যোপাধ্যায় ও পুলিশ	>69
পনের	মুখ্যমন্ত্রীর নিজের দপ্তর স্বাস্থ্যমন্ত্রকের হালচাল	200
বোল	জ্ঞালমহলে মমতার সম্পূর্ণ বিশ্বাসঘাতকতা	२०२
সতের	দার্জিলিং থেকে গোর্খাল্যান্ড — মমতার অনেক	
	ভূলের মধ্যে সর্বাধিক গুরুতর ভূল	203
আঠর	বাংলাদশের সভো তিস্তা জ্বলচুক্তি স্বাক্ষরিত হতে	
	দেরি হওয়া দুদেশের পক্ষেই বিপ <b>জ্জনক</b> ।	250
উনিশ	সন্টলেকের প্রটগুলিকে নিষ্কর করে দেওয়ার	
	বিপজ্জনক সরকারি পদক্ষেপ	236
कुष्	স্থানাভাবে এই পৃস্তিকায় অনেক গুরুত্বপূর্ণ বিষয়	
	বলা হয়নি	223
ৰ্কুৰ	আমি কে (লেখকের নিজের কথায়)	228

মমতা বন্দ্যোপাধ্যায়কে যেমন দেখেছি

## লেখকের নিবেদন

গত, ১৮ মে, ২০১২ শুক্রবার বিকেলে, মমতা ব্যানার্জির মুখ্যমন্ত্রী হবার প্রথম বর্ষ পূর্তির মাত্র ২ দিন আগে, কলকাতা প্রেস ক্লাবে অধ্যাপক সুনন্দ সান্যাল যখন আমার লেখা "Mamata Banerjee As I have known her Or the Goddess That failed" ইংরেজি বইটির আবরণ উন্মোচন করছিলেন, প্রায় তক্ষুনি মমতা ব্যানার্জির স্নেহধন্য জনৈক জালিয়াত সাংবাদিক নামধারী একটি চিট ফান্ডের চিফ এক্সিকিউটিভ অফিসার বা 'C.E.O. কর্তৃক প্রেরিত একদক্ষাল যুবক যুবতী সাংবাদিক পরিচয়ে প্রেস ক্লাবে ঢুকে অধ্যাপক সান্যালকে বাধা দেবার প্রাণপণ চেন্টা করেন এবং প্রেস ক্লাবের এককোণে রাখা প্রায় শতাধিক বই লুট করে। যদিও তার আগেই উপস্থিত প্রায় ৪০ জন আমন্ত্রিত বিশিক্ট সাংবাদিক ও অন্যান্য বুন্দিজীবী বইটির প্রাপ্তি স্বীকার করেন। একখানা খাতায় সাক্ষর করেছিলেন।

৯৭ পাতার সরকারি দলিল, চিঠিপত্র ও ফটোগ্রাফ এবং ৮৩ পৃষ্ঠা মন্তব্য-সহ ১৮০ পৃষ্ঠার এই বইটি সম্বন্ধে বৃহৎ বাণিজ্যিক বাংলা সংবাদপত্রগুলি গত এক মাসের অধিক সময় ধরে মৌনত্রত অবলম্বন করে আছে। তাদের সবারই শুধু লক্ষ্ণ লক্ষ্ণ টাকার সরকারি বিজ্ঞাপন হারানোর ভয়ই নয়, মমতা ব্যানার্জির দলের সাংসদ ও বিধায়কদের ভোটপ্রত্যাশী ভারতের রাস্ট্রপতি পদপ্রার্থী জনৈক সুপরিচিত ব্যক্তি বৃহৎ বাণিজ্যিক সংবাদ প্রতিষ্ঠানগুলির মালিকদের জনে জনে সাবধান করে দিয়েছিলেন যেন এই বইটির তথ্য নিয়ে একটিও মমতা-বিরোধী সংবাদ বা মন্তব্য প্রকাশিত না হয়।

ইংরেজি বইটির দু হাজার কপি ও তার বাংলা ভাষ্যের পাঁচ হাজার কপি ছাপানো ও প্রকাশনার দায়িত্ব নিতে কোনও পরিচিত প্রকাশনা সংস্থাকেই রাজি করানো যাচ্ছিল না, এমনকী সমস্ত খরচ অগ্রিম দেওয়া হবে এবং কোনো লভ্যাংশ দাবি করা হবে না, এই প্রতিপ্রতি দিয়েও কাউকে রাজি করানো যাচ্ছিল না। অত্যন্ত দুঃখিত হয়েই আমাকে এই কথাগুলি লিখতে হলো, যাতে পাঠকেরা বুঝতে পারেন যে, এই এক বছরের মধ্যেই অধিকাংশ সংবাদপত্র এমনকী প্রকাশনা সংস্থাকেই কিরকম সংঘাতিক হিটলারি ভয় ধরিয়ে দিয়েছে মমতা ব্যানার্জি। বিশ্ববিখ্যাত বুকার পুরস্কার জয়ী ভারতীয়

বংশোদ্ধৃত লেখক সলমন রুশদি লিখেছেন, "ভাব প্রকাশের স্বাধীনতা কি, যদি না ডা কারো না কারো মনোবেদনার কারণ হয়?"

অবশা, এই ভয় দেখানোর কাজ এই সরকারের প্রথম থেকেই শুর হয়েছিল. যখনই সব সাংবাদিকের পুরনো সরকারি পরিচয়পত্র বাতিল করে নতুন পরিচয়পত্তর জন্য আবেদন করতে বলে সরকারি বিজ্ঞপ্তি জারি হয়েছিল, যে সরকারি নির্দেশ বহ প্রবীণ সাংবাদিক অগ্রাহ্য করেছেন। এটা আরও পরিষ্কার হয়ে যায়, যখন প্রচলিত গ্রন্থাগার আইন ও বিধি অগ্রাহ্য করে সরকারি বিজ্ঞপ্তি জারি করে দুটি কাজ করেন মুমতা ব্যানার্জি। প্রথমটি হচ্ছে, সারা রাজ্যে যেসব শত শত সরকারি বা সরকারি সাহাযাপ্রাপ্ত সাধারণ গ্রন্থাগার আছে সেখানে কোন কোন সংবাদপত্র রাখা যাবে, (অর্থাৎ অন্য কোন সংবাদপত্র রাখা যাবে না।) দ্বিতীয়টি হচ্ছে, মফসসল অ**পনে** প্রকাশিত শত শত ক্ষুদ্র সংবাদপত্র বা লিটল ম্যাগাজিনে কোনো সরকারি বিজ্ঞাপন দেওয়া যাবে না। যে কোনো সৈরাচারী শাসকই এই কাজটাই প্রথমে করে, যাতে স্বৈরাচারী কুশাসনের সংবাদ জনসাধারণ সহজে জানতে না পারেন। ভারত সরকারের R. N. I. Registration ছাড়া কোনো কাগজেই সরকারি বিদ্যাপন দেওয়া আইনত নিষিশ্ব। তবু মমতা ব্যানার্জি, ষিনি নিজেই তথ্য দপ্তরের মন্ত্রী, বহু চিটফাড মালিকদের খবরের কাগজের RNI Registration না থাকা সত্ত্বেও তাদের লক লক্ষ টাকার সরকারি বিজ্ঞাপন পাইয়ে দিয়ে টেবিলের তলা দিয়ে তাদের **মালিকদের** কাছ থেকে তার চার গুণ টাকা তলে নিচ্ছেন।

উপায়ান্তর না দেখে আমি ইন্টারনেটে সম্পূর্ণ বইটি প্রকাশ করতে বাধ্য হই। অসংখ্য মানুষ ইন্টারনেটে বইটি দেখেই শুধু আমাকে জ্ঞানাননি, বইটির সম্পূর্ণ অপে বা সারাংশ তাঁদের অজত্র বন্ধুবান্ধব ও পরিচিতদের মধ্যে ছড়িয়ে দিয়ে আমাকে কৃতজ্ঞতাপাশে আবন্ধ করেছেন। শুধু তাই নর, এক স্বাধীন গণতাঞ্জিক দেশের নাগরিকের কর্তব্য পালন করেছেন।

বই প্রকাশের ১৫/১৬ দিনের মধ্যেই মমতা ব্যানার্জ্জি সক্রিয় হয়ে ওঠেন এবং তাঁর নির্দেশে সেই জালি সাংবাদিক আমার ওয়েবসাইট থেকে সম্পূর্ণ বইটিই উধাও করে দেন। কিছু সামাজিক কর্তব্য সচেতন নাগরিক অল্প কিছুক্ষপের মধ্যেই এই ববরটি আমাকে জানান এবং আমি ইন্টারনেটের আর একটি ওয়েবসাইটে সম্পূর্ণ বইটিই নস্কুন করে তুলে দিই। অনেক নাগরিক আবার সোটি দেখতে গেরে আমাকে অভিনন্ধন জানিরেছেন। আশা করি, মমতা ব্যানার্জি বা সেই জালি সাংবাদিক ভবিষ্যতে আর এ রক্ষম অবৈধ কাজ করবেন না। এ ধরনের অপরাধমূলক কাজের জন্য আইনে জেল ও জরিমানার বিধান ররেছে।

অৰশ্ৰেৰে আমার এক পরিচিত সমাজকর্মী ও সুপরিচিত লেখক মাণিক মন্ডলের

ঐকান্তিক প্রচেন্টায় একটি বিখ্যাত প্রকাশন সংস্থা ইংরেজি বইটি পাঠকদের কাছে পৌছে দেবার পুরো দায়িত্ব নেন। গত ১২ জুন মাত্র ২০০০ কপি ইংরেজি বই ছাপিয়ে বাঁধিয়ে প্রকাশ করা মাত্রই স্বকটি কপিই লোকে কিনে নেয়। দিল্লিসহ অনেক জায়গাতেই ইংরেজি বইটি পাঠানো শুরু হয়েছে। দু'শো বিশেষ কপি এখন বিক্রি হচ্ছে।

পশ্চিমবজ্যের আপামর সাধারণ মানুবের কাছে বইটি পৌঁছে দেবার জ্বনাই এই বাংলা প্রথম সংস্করণটি প্রকাশ করা হচ্ছে।

১৯৯০ সালের ১৬ আগস্ট মিছিল কবার সময় মাধায় সিপিএমের গুন্ডা লালু আলমের ডান্ডা খেরেই, মমতা ব্যানার্জি রাজিব গান্দীর বদান্যতায় প্রদেশ কংগ্রেস মনোনীত যুব কংগ্রেস সভাপতি তাপস রায়ের বদলে পশ্চিমবক্ষা যুব কংগ্রেসের সভাপতি হয়ে যান। ১৯৯৩ সালে প্রদেশ কংগ্রেস সভাপতি পদে প্রতিদ্বন্দিতা করে হেরে যাবার আগে থেকেই তিনি দলবিরোধী কার্যকলাপ শুরু করেন, যার মধ্যে ছিল প্রধানমন্ত্রী নরসিংহ রাওকেও আগে কিছুই না জানিয়ে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডের জনসভায় কেন্দ্রীয় যুবকল্যাণ ও ক্রীড়ামন্ত্রীর পদ থেকে পদত্যাগের কথা ঘোষণা করা।

১৯৯৩ সালের ২১ জুলাই পূলিশের গুলিতে নিহত ১৩ জন যুবকের তাজা রক্তে ভেজা পথ মাড়িয়েই মমতা ব্যানার্জি জননেত্রী হয়ে গেলেন। সেদিন যে স্বরাষ্ট্র সচিব মণীশ গুপ্ত গুলি চালনার সিন্দান্তের সজো জড়িত ছিলেন, সেই ব্যক্তিই আজ তাঁর মন্ত্রিসভায় সহকর্মী। অবশ্য তারও আগের ঘটনা ১৯৯০ সালে বানতলা কাশু ধামাচাপা দেবার জন্য প্রত্যক্ষভাবে জড়িত ২ পূলিশ অফিসারের মধ্যে মহম্মদ হায়দার আজিজ সফিও এখন মন্ত্রী। অন্যজন অবনী জোয়ারদার এখন বিধায়ক। এমনকী, যে রক্তিত পচনন্দা ১৯৯৮ সালের ২৫ অক্টোবর বেদিভবনের ঘটনার সময় মমতার নিজের ভাবার "আমাকে কামড়ে দিয়েছে, আমার শাড়ি ব্লাউজ ছিড়ে দিয়েছে", তিনিই আজ মতার পূলিশ কমিশনার ও পার্ক সিট্ট ধর্ষণ কান্ডের ধামাচাপা দেবার চেন্টার সজী। ১৯৯৪-এ বারাসতে যুব কংগ্রেসের উপর পূলিশি হামলায় ও গুলিতে নিহত কংগ্রেসী কর্মী হত্যাকারী, জেলার তংকালীন পূলিশকর্তা রচপাল সিংহও আজ মমতার মন্ত্রী।

যে সূত্রত মুখোপাধ্যায়কে মমতা নিজ্ঞে প্রথম "তরমুজ্ঞ" আখ্যা দিয়েছিলেন (কেননা বাইরে কল্পেসী হলেও ভিতরে ভিতরে তাঁর গোপন আঁতাত ছিল সিপিএমের সজ্যো) এবং যিনি গত ১০ বছরে অন্তত ৪ বার দলবদল করেছেন, মমতার সেই সূত্রতদাও আজ্ঞ মন্ত্রী।

আমি ১৩ বছরেরও বেশি সময় মমতা ব্যানার্জিকে দিনে গড়ে ৬ ঘণ্টারও বেশি সময় খুব কাছ খেকে দেখেছি। তারও আগে ১৯৮৪ সালে তিনি বরস ভাঁড়িয়ে প্রথমবার বখন বাদবপুর থেকে সাংসদ হন, তখন আমি দিল্লিতেই উদ্যোগ ভবনে কর্মরত ছিলাম। তৎকালীন কেন্দ্রীয় শিল্পমন্ত্রীর ঘরের সামনে ধরনা দেবার সময় থেকেই তাঁকে চিনতাম।

আই.এ.এস. চাকুরি থেকে অবসর নেবার পরদিনই ১৯৯৫ সালের ১ নভেদ্ধ আরি রাজ্য কংগ্রেসের তৎকালীন সভাপতি সোমেন মিত্রের বাড়ি গিয়ে জাতীর কংগ্রেসে বোগ দেই। তিনি আমাকে ১৯৯৬ সালের নির্বাচনের আগে দলের ইস্তাহার রচনা কমিটির সম্পাদক করে দিয়েছিলেন। সভাপতি ছিলেন অজিত কুমার পাঁজা। সেবার মমতা ব্যানার্জি নিজের মর্জিমতো লোকসভা ও বিধানসভার আসনের ভাগ পাননি বলেই প্রকাশ্যে অনেক কংগ্রেস প্রার্থীকে গুভা, বদমায়েশ বলে গালিগালাক তো করতেনই, উপরত্ব একদিন আলিপুরে গাড়ির বনেটের উপর দাঁড়িয়ে কালো শাল গলায় জড়িয়ে আয়হত্যার হুমকির নাটকও করেছিলেন। তার বিরোধিতার জন্ট সেবার কংগ্রেস অতত ২৫টি আসন কম পায়। তা না হলে, সেবারই কংগ্রেস অতত ১১০টি বিধানসভা আসনে জিততে পারত। যে সুলতান আমেদকে তিনি গুড়া বলেছিলেন, সেই সুলতান আমেদ আজ মমতার দলের কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী।

তখন থেকেই মমতা ব্যানার্জি নিজের দল গড়বার সুযোগ খুঁজছিলেন। অবশেষে সেই দল তৃণমূল কংগ্রেস, ১ জানুয়ারি, ১৯৯৮ এ নির্বাচন কমিশনের স্বীকৃতি পার। যে সাংসদ অজিত কুমার পাঁজার সহযোগিতা না পেলে মমতা ব্যানার্জি নিজের দল গড়তে পারতেন না, দলের প্রথম চেয়ারম্যান হয়েও সেই অজিত কুমার পাঁজা মমতারই দুর্ব্যবহারে ২০০১ সালের বিধানসভা নির্বাচনের সময় দলত্যাগ করেন। সেই থেকে মমতা ব্যানার্জি দলীয় সংবিধান ও বিধি সম্পূর্ণ অগ্রাহ্য করে দলের চেয়ারপার্সন হয়ে গত ১০ বছরে এক সর্বজ্ঞ স্বৈরাচারী হয়ে বসে আছেন। নিজ দলের গণত্ম হত্যাকারী, রাজ্যের গণতম্বকে যে কি চোখে দেখেন তা বলাই বাহল্য।

শুধু তাই নয়, নির্বাচনী তহবিল, নিজের নির্বাচনের খরচের হিসাব, র্প্রাসর্ট ওয়েলফেয়ার ট্রাস্ট্র', যে ট্রাস্ট প্রাসাদ সদৃশ্য তৃণমূল কল্লেস ভবন তৈরি করতে সাধারণ মানুবের কাছ থেকে কোটি টাকারও অধিক চাঁদা তৃলেছিল, মমতা বন্দ্যোপাধ্যায় সেই ভবনের দোজ্যায় সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত নিজস্ব বাসভবন ও অফিস মাসিক এক টাকা ভাড়ায় সম্পূর্ণ অবৈধভাবে দখল করে রেখেছেন। দলে কোনো সদস্য তালিকা নেই। নেই কোনো তহবিলের হিসাব। প্রান্তন সিপিএম ভক্ত (এখন ভোল পালটে মমতা অনুরাগী) সংশ্লিক দগুরের আয়কর আধিকারিক, আসল ব্যাপারটাই চেপে রেখে তথ্য জানার অধিকার আইনে আমার পাঠানো প্রশ্নের উত্তর দিক্ষেন না।

এই তৃশমূল সর্বেসর্বা কেন্দ্রীয় রেলদপ্তরকে আই.সি.ইউতে (দীনেশ ব্রিবেদীর ভাষায়) পাঠিরে সেখান খেকে পালিরে এসে পশ্চিমবঙ্গাকেও আই. সি.ইউ. তেই শুধু নর, ভেণ্টিলেটরে পাঠিরে অবশ্যন্তাবী শ্বশান যাত্রার ব্যবস্থা করছেন। যাঁর সরকারের নুন আনতে পান্তা ফুরায়, কর্মচারীদের বেতন দেবার জন্য প্রতি মাসে আড়াই/তিন হাজার কোটি টাকা বাজার খেকে দেনা করতে হয়, তিনি আজ সম্পূর্ণ অপ্ররোজনীয় কারশে কোটি কোটি টাকার দানসত্র খুলে নিজের লোকেদের পকেট ভরানো চেন্টা করেই

চলেছেন। এমনকী যে রিজ্ঞপ্তয়ানুর হত্যার বিরুদ্ধে জনগণ গর্জে উঠেছিলেন, সেই খুনী ব্যবসায়ীদের বাঁচাতে তাদের ব্রান্ড অ্যামবাসাডার হিন্দি চলচ্চিত্র অভিনেতা শাহরুখ খানকেই রাজ্যের ব্র্যান্ড অ্যামসাডার করে দিরেছেন। এই সুযোগে শাহরুখ বাবুও সরকারের ও কলকাতা কর্পোরেশনের পাওনা কোটি কোটি টাকা ফাঁকি দিছেন। তার বদলে তিনি প্রকাশ্যে লক্ষ লোকের সমাবেশে মমতা ব্যানার্জির মাধায় চুমু দিয়ে তাঁকে খন্য করেছেন। অবশ্য রাজ্যের এই ব্র্যান্ড অ্যামবাসাডর এখনও পর্যন্ত রাজ্যের জন্য এক পয়সারও লগ্নির ব্যবস্থা করতে পারেন নি।

দুঃখের বিষয়, রাজ্যের এক শ্রেণির তথাকথিত গুণীজন, (অবশ্যই এরা সবাই তাঁর অনুগ্রহভাজন হয়ে মাসে মাসে লক্ষ লক্ষ সরকারি টাকা রোজগার করছেন এবং তাঁর বৃন্দনা করেই চলেছেন) তাঁরা ভূলে গেছেন যে, কোনো সিম্পান্ত গণতান্ত্রিক কিনা, তার একমাত্র প্রমাণ হচ্ছে, সিম্পান্তটি গণতান্ত্রিক পম্পতিতে নেওরা হয়েছে না স্বৈরতান্ত্রিক পম্পতিতে নেওরা হয়েছে। এই গণতান্ত্রিক পম্পতির প্রমাণ কিন্তু মমতা ব্যানার্জি গত এক বছরে তাঁর শত শত প্রতগতিতে নেওরা সিম্পান্তের একটি সম্বম্পেও দিতে পারবেন না। তার সবচেয়ে বড়ো উদাহরণ সিশ্বার।

সুখের বিষয়, কতিপন্ন নিঃস্বার্থ গুণীজন আজ তাঁর পাশ খেকে নিঃশব্দে সরে।

কবির কথার 'সে কহে বিন্তর বাজে, যে কহে বিন্তর।' মমতা ব্যানার্জি সবসময়ই বিন্তর কথা বলতে ভালোবাসেন। পার্ক স্ক্রিট ও কাটোরা ধর্ষণ কান্ডে এবং অন্যান্য ব্যাপারেও বেফাঁস অসত্য কথা বলে কবির কথার সত্যতাই প্রমাণ করেছেন। এখন অবশ্য এসব ব্যাপারে আগ বাড়িয়ে কথা বলা বন্দ করেছেন। কিন্তু সবাই জানেন, এই মহিলা মুখ্যমন্ত্রীর এক বছরের রাজত্বে ধর্ষণ, শ্লীলভাহানি, নারীপাচারসহ মহিলাদের বিরুদ্ধে অপরাধ যে শুধু অনেক গুণ বেড়েছে তাই নয়, এ ব্যাপরে পুলিশি নিষ্কিরতাও অনেক গুণ বেড়েছে অধ্ব ওিনিই পুলিশমন্ত্রী।

দেশের সংবিধানের ফেডারেল ব্যবস্থা থেকে শুরু করে জ্ঞালমহল, গোর্থাল্যান্ড, তিন্তা জলবন্টন—কোনো বিষয়েই তাঁর কোনো প্রত্যক্ষ অভিজ্ঞতা, এমনকী পড়াশোনাও নেই। অবশ্য যিনি তাঁর আন্মজীবনীতে নিজের জন্মতারিখ নিয়ে একাধিক দিনের কথা বলেন, ত্রাতৃবধূর আন্মহত্যার বিষয়ে আইনী প্রক্রিয়া বন্ধ করাবার জন্য গোলনে সিপিএমের দারস্থ হন, নিজের ভাইরের পুরীতে ৬ কোটি টাকা মূল্যের হোটেলের নামকরণ করেন, আবার তথ্য জানার অধিকার আইনে আমাকে বাতে কোনো দপ্তর তথ্য না দেন, তার জন্য গোলন নির্দেশ জারি করেন, তাঁর পক্ষে নিজের দুর্নীতিসরারশ ও বৈরাচারী একনারক সুলত আচার আচরণ, ক্যাবার্তা বেশিনিন গোপন রাখা সম্ভব নয়।

আমার মনে হয়, পাঠক জানতে চাইতে পারেন বৈ, প্রায় ১৩ বছর (১৯১৭-২০১১)

মমতা ব্যানার্জির তৃণমূল কংগ্রেস দলে থাকবার পর, আমার কিএমন বোধোদয় হলো যে, আমি মমতা ব্যানার্জির বিরুদ্ধেই কলম ধরতে বাধ্য হলাম ? প্রেসিডেন্সি কলেজে পড়বার (১৯৫৪-৫৬) সময়ই কমিউনিজম নিয়ে, (আমি কখনোই সাম্যবাদ কথাটা ব্যবহার করি না) আমি খানিকটা পড়াশোনা করেছি। লেনিন, স্ট্যালিন, মাও-জে-দং প্রমুখ নেতৃবৃন্দের কীর্তিকাহিনির কথা জেনেছি। কিন্তু মনে মনে কখনোই "সবার উপরে পার্টি সত্য এবং তার উপরও সত্য পার্টির সর্বোচ্চ নেতৃবৃন্দ" এটা মানতে পারিনি। "সবার উপরে মানুষ সত্য" এটাই বিশ্বাস করতাম।

জীবিকার প্রয়োজনে পড়াশোনা করবার সঙ্গো সঙ্গো দমদমে স্কুলে শিক্ষকতা থেকে শুরু করে রাইটার্স বিল্ডিংসে কনিষ্ঠ কেরানির কাজ করেছি। পরে ভব্ল্যু.বি.সি.এস এবং সবার শেবে আই.এ.এসেও অনেক বছর কাজ করেছি। সবসময়ই দেশেবিদেশে কমিউনিজমের প্রসারের এবং সংকোচনের এমনকী, লুপ্ত হবারও খোঁজ রেখেছি এবং মূল তত্ত্বের নানারকম ভাষ্যও পড়েছি। কিন্তু কখনোই আমার মনে হয়নি যে, আমাদের দেশে উদার গণতদ্বের বদলে কমিউনিস্টরাজ প্রতিষ্ঠা হলেই দেশ আরও প্রুতগতিতে উন্নতির পথে এগুতে পারত। চীনের ভারত আক্রমণের পর আমি কমিউনিজম সম্বন্ধে বীতশ্রন্থ হয়ে পড়লেও, আমাদের দেশের বেশ কিছু কমিউনিস্ট নেতার ব্যক্তিগত সততা ও অত্যন্ত সাধারণ দৈনন্দিন জীবনযাপন প্রণালী সম্বন্ধে বরাবরই শ্রন্থা পোষণ করতাম। গণতান্ত্রিক নির্বাচনে কমিউনিস্টদের অংশ প্রহণে ভেবেছি যে, কমিউনিস্ট পার্টি এদেশে অন্তত গণতান্ত্রিক পথেই চলবে।

ভূল ভাঙল, ১৯৬৭ সালে নকশালবাড়ি আন্দোলনের সময় সিপিএমের দ্বিচারিতা দেখে। এই নির্বাচনের আগে সিপিএম ধরেই নিয়েছিল যে, কেন্দ্রে এবং রাজ্যে কংগ্রেসই আবার ক্ষমতায় ফিরবে, কিন্তু লোকসভাও রাজ্য বিধানসভার তাদের সংখ্যা গরিষ্ঠতা বজার থাকলেও সংখ্যা খুব বেশি হবে না। তাই নির্বাচনের পরেই নতুন করে শুধু শহর বা শিক্তাঞ্বলে সরকারবিরোধী সহিংস আন্দোলন করলেই হবে না, কিছু কিছু দুর্গম এলাকায় প্রামাঞ্চলেও জমিদখল, ধান লুট, জোতদারদের বিরুদ্ধে সশস্ত্র আক্রমণ চালিরে নতুন সরকারকে অত্যন্ত বিব্রত করতে হবে। তাই নির্বাচনের অন্ততঃ ৪/৫ মাস আগে সিপিএম গোপনে পার্টিক্লাস নিয়ে, পুন্তিকা ছাপিয়ে এবং নেতৃবৃন্দ বিভিন্ন এলাকা সফর করে সশস্ত্র আন্দোলনের প্রস্তৃতি শুরু করে দিয়েছিল। পার্টির ভিতরে সংসদপন্দী বাবু নেতারা মনে করেছিলেন যে, এই ভাবেই চরম উপ্রপন্দ্রী নেতাদের ঠান্ডা রাখা যাবে, না হলে দলে ভাঙান ঠেকানো যাবে না।

সে আমলে পূলিশ তো কোনো দলের ক্রীতদাসত্ব করত না, এত মাথাভারীও ছিল না। তবু গোয়েন্দা দপ্তরের কর্তা ডি.আই.জি. বিহু বাগচী সব খবরই জোগাড় করে নির্বাচনের অনেক আগেই সব জেলাশীসক ও পূলিশ সুপারিনটেভডেউদের সতর্কবার্তা ও প্রয়োজনীয় নির্দেশ পাঠিয়েছিলেন। গোপন চিঠি পাঠানো হয়েছিল ৯ ফেব্রুয়ারি, ১৯৬৭-নং ৪০৭৬ (১৬), অর্থাৎ সে বছর সাধারণ নির্বাচনের অন্তত তিন সপ্তাহ আগে। তখন নিম্নবর্গের ফৌজদারি মোকদ্দমার বিচার মহকুমা শাসকের এজলাসেই হতো। একজন পুলিশ অফিসারই সরকারের তরফে মামলা চালাতেন এবং ৩ থেকে ৬ মাসের মধ্যে মোকদ্দমার ফয়সালা হয়ে যেত। এখনকার মতো ১০/১৫ বছর লাগত না।

সেবার নির্বাচনে, কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা না পেলেও ইন্দিরা গান্ধী নতুন সরকার গড়লেন, কেননা বিরোধীরা ছত্রভক্ষা ছিল। কিন্তু পশ্চিমবক্ষা প্রয়োজনীয় ১৮০ আসনের মথ্যে ১৪১ এর বদলে ১২৭টি আসন পেয়ে একক সংখ্যা গরিষ্ঠ দল হয়েও গান্ধীবাদী প্রফুলচন্দ্র সেন প্রথমেই মন্ত্রীসভা গঠনের দাবি ছেড়ে দিলেন। ব্যস্, জ্যোতি বসুর মতো সংসদপন্থী বাবু কমিউনিস্টরা ইন্দিরা গান্ধীর প্ররোচনায় সদ্য গঠিত বাংলা কংগ্রেস নেতা অজয় মুখার্জিকে মুখ্যমন্ত্রী করে প্রথম যুক্তফ্রন্ট মন্ত্রিসভা গড়ে ফেললেন।

সেকালে মোবাইল ফোন ছিল না। এমনকী, নকশালবাড়ির মতো প্রত্যন্ত এলাকার টেলিফোনও ছিল না। কানু সান্মালদের মতো উপ্রপন্থী নেতারা অনেক আগেই গোপন আন্তানায় চলে গিয়েছিলেন। তাঁরা খবরই পাননি যে, নির্বাচনোন্ডর পরিস্থিতি সম্পূর্ণ পাল্টে গেছে। আর একদিকে জ্যোতি বসু প্রমুখ নেতারা নতুন নতুন মন্ত্রী হয়ে সম্বর্ধনা নিতে ব্যক্ত থাকার, কানুবাবুদের সঙ্গো কেউ কোনো যোগাযোগ করবার চেক্টাও করেননি।

ফলে কানুবাবুদের প্ররোচনায় ঐ এলাকায় আদিবাসীরা জোতদারদের জমি দখল, ধান লুট, বাড়িতে অগ্নিসংযোগ, এমনকী মারধরের কাজও চালিয়ে যাচ্ছিল। ফেব্রুয়ারি মাসে নির্বাচনের শেষে মার্চের ২ তারিখ নতুন মন্ত্রিসভা শপথ নিয়েছিল। মার্চ-এপ্রিল মাসের মধ্যে নকশালবাড়ি, খড়িবাড়ি ও ফাঁসিদেওয়া থানায় ৫০/৬০টি ফৌজদারি মোকদ্দমার অভিযোগ জমা পড়লেও, কোনো অদৃশ্য অশ্যুলি হেলনে মহকুমা শাসকের আদালতে আইন অনুযায়ী জমা পড়ার ২৪ ঘন্টার মধ্যে সেগুলি পাঠানো হয়নি, এমনকী কোনো তদন্তও করা হয়নি। নির্বাচনের পরেই মহকুমাশাসক বদলি হয়ে অন্যত্র চলে গিয়েছিলেন। তাই যখন বাংলা কংশ্রেসের ঈশ্বর টিরকি সিপিএমের জন্সল সাওতালের দলবলের হাতে মার খেলেন এবং মুখ্যমন্ত্রীর কাছে নালিশ করলেন, তখন সরকার তড়িঘড়ি কালিম্পং থেকে আমাকে শিলিগুড়ির মহকুমা শাসক পদে বদলি করলে আমি ২৪ এপ্রিল সেখানে যোগ দিয়েই জেলাশাসক মনোময় ভ্রাচার্যের সাথে উপদ্বৃত অশ্বলে গোলাম। জেলাশাসকের নির্দেশে আমি পরদিনই সবকটি অভিযোগ হাতে পেয়ে শ্রেপ্রারি পরোয়ানা জারি করতেই শোরগোল পড়ে গেল।

কনকাতা থেকে ভূমিদপ্তরের মন্ত্রী সিপিএম নেতা হরেকুম্ম কোজার ১৭ মে শিলিগুড়ি ছুটে বিয়ে ২২ মে গভীর রাতে কানুবাবুদের সঙ্গো দীর্ঘস্থায়ী বৈঠক কর্মেন। ভাতে ভিনর হলো, অভিযুক্তরা ধবা দিলে তাদের আমিন দেওয়া যেতে পারে। তখন মন্ত্রীরা ম্যাজিস্টেটদের কোনো নির্দেশ দিতে সাহস পেতেন না।

বিত্তু কানুবাবুরা কথা রাখতে পারলেন না। ২৪ মে, আয়ুসমর্পদের কথা বলে নিরপ্ত পুলিশকে ফাঁদে ফেলে সোনাম ওয়াংদি নামে এক পুলিশ ইন্সকেস্করকে তিরের আঘাতে খুন এবং আরও ৫/৬ জন পুলিশকে মারাশ্বক আঘাত করল।

প্রদিন ২৫ শে মে পুলিশী অভিযান শুরু হলো এবং পুলিশের গুলিতে তির বর্ষণকারী ১০/১২ জন মারা যেতেই নকশালবাড়ি আন্দোলন মুখ পুরড়ে পড়শ। প্রদিন ২৬ মে মুখ্যমন্ত্রী অজয় মুখার্জি শিলিগড়ি এসে এক জনসভায় যাবার আশে আমার হাত ধরে বলেছিলেন, "আমার সরকারটা ফেলে দেবেন না।" (তাঁর সঙ্গে আমার বহু বছর আতেই পরিচয় হয়েছিল, যখন আমি তমলুকে ম্যাঞ্জিস্ট্রেট ছিলাম।)

মন্ত্রীসভার ছয় সদস্যের দল জুনের প্রথমে এক সপ্তাহের জন্য শিলিগুড়ি এঙ্গেন সরজমিনে তদন্ত করে প্রশাসনকে প্রয়োজনীয় নির্দেশ দেবার জন্য। এর মধ্যেই উপমুখ্যমন্ত্রী জ্যোতি বসু ১৫ জুনের আনন্দবাজারে প্রকাশিত এক সংবাদে অভিযোগ জানাল যে, শিলিগুড়ির মহকুমা শাসক, অর্থাৎ আমি সরকারকে মিথ্যা সংবাদ দিছি যে, নকশাল নেতারা সবাই সিপিএমের সদস্য। ডিভিশনাল কমিশনার আইভান সুরিটা প্রতিবাদে মন্ত্রিসভার বৈঠক বয়কট করলেন এবং তার নির্দেশে আমি পুলিশের উন্থার করা কানু সান্যাল প্রমুখ গুটিকয় নেতার লাল পার্টিকার্ড (যাতে রাজ্য সম্পাদক প্রমোদ দাশগুপ্তের স্বাক্ষর ছিল), মুখ্যমন্ত্রী অজয় মুখার্জির কাছে পাঠিয়ে দিলাম। মন্ত্রী গোন্তীয় নেতা বিশ্বনাথ মুখার্জি তার ছোড়দা। মুখ্যমন্ত্রী অজয় মুখার্জিকে টেলিফোনে সব জানিয়ে দিলেন। পরদিন আনন্দবাজার পত্রিকায় জ্যোতি বসু জানালেন যে, আনন্দবাজারের সাংবাদিকেরা তাঁর আগের দিনের কথার ভূল ব্যাখ্যা করেছেন, তার জন্য দুঃখপ্রকাশ করে আধিকারিকদের শ্রমণরত মন্ত্রীগোন্তীর সাথে পূর্ণ সহযোগিতা করার অনুরোধ জানালেন।

১৯৬৯ সালে দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার গঠিত হতেই কানুবাবুসহ ধৃত সব নকশালদের জেল থেকে ছেড়ে দেওয়া হলো। সিপিআই (এম.এল.) নামে নতুন দল গঠিত হলো ১ মে, ১৯৬৯।

তারপর শুরু হলো ব্যক্তিহত্যা। অসংখ্য পুলিশ, হাইকোর্টের বিচারপতি এন.এল. রায়, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গোপাল সেন, বিচার বিভাগের সচিব রাজ্ঞারাম বিশ্বাস, ফরওয়ার্ড ব্লক নেতা হেমন্ত বসু-সহ অনেক বিশিক্টজনকে খুন করা হলো। পুলিশও বদলা নিল কাশীপুর, বরাহনগরে অসংখ্য নকশাল যুবককে গণহত্যা করে এবং সরোজ দন্তের মতো তাত্ত্বিক নেতাকে ময়দানে গুলি করে মেরে।

প্রেমিডেন্সি কলেজ, মাদবপুর বিথবিদ্যাপয়সহ বহু শিক্ষা প্রতিষ্ঠানের মেধারী ছাএছাএীরা চিনের রেডিন্তর ক্রমাগত প্রচারের ইপনে তেতে বিপ্রবের নেশায় মেতে ডেবরা গোপীবল্লভপুর এলাকায় বিপ্রব করতে গেল। ১৯৭২ সালে চারু মজুমদার পুলিশের হাতে ধরা পড়ে হামপাতালে মৃত্যুবরণ করলেন। ১৯৭৩ সালে মেদিনীপুরে জেলাশাসকের কাজ করার সময় কেন্দ্রীয় কারাগারে অসীম চ্যাটার্জি, সন্তোষ রাণা-সহ অনেক নেতা বহুদিন আমার অর্থাৎ সরকারের অতিথি হয়েছিলেন। ১৯৭৭ সালে বামফেট ক্রমতায় এসে তাদের প্রায় সবাইকে আবার ছেড়ে দিলেন। তখন তাদের প্রায় সবারই বিপ্রবের নেশা ছুটে গেছে। অম্বৃত ব্যাপার, সরকারি দাক্ষিণ্যের জন্য তখন তাদের মধ্যে প্রতিযোগিতা শুরু হয়ে গেল। আমার পরের বই "নকশাল বাড়ির আগুন ও ছাই'তে সব বিস্তারিত তথ্যাদি থাকবে।

বামদ্রন্টের রাজত্বকালে ১৮ বছর (১৯৭৭-১৯৯৫) আমাকে জ্যোতি বসু অনেক জব্দ করার চেন্টা করেছেন। পারেননি। বরং বেঁচে পাকলে, অনেক বছর আগেই হয়তো আমার করা বিধাননগরে অবৈধভাবে জমি বন্টনের মামলায় সুপ্রিম কোর্টের নির্দেশে তাঁকে জেলে যেতে হত। সুপ্রিমকোর্টের আদেশে (১৯১১-২০০৪) বিচারপতি ভগবতী প্রসাদ ব্যানার্জির সন্টলেকের জমি ও বাড়ি নিলাম হয়ে গিয়েছিল। সুপ্রিমকোর্ট বলেছিল যে, "মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এবং বিচারপতির মধ্যে অপরাধমূলক যোগাযোগ ছিল।"

প্রথমে প্রায় ২ বছর কংগ্রেসে কাটিয়ে আমার বুঝতে দেরি হয়নি যে, কংগ্রেস নেতারা প্রায় সবাই তরমুজ। তাই মমতা ব্যানার্জি যখন তাঁর সিপিএম-বিরোধী আন্দোলনকে তীব্রতর করার নামে নতুন দল গড়বার চেন্টা শুরু করলেন, তখন থেকেই আমি তাঁর পাশে ছিলাম।

8/৫ বছরও কটিল না। বুঝলাম, তিনি বৈরাচারী, মিথ্যাবাদী ও দুর্নীতিপরায়ণ। কোনো মিটিংরে তিনি মুখ খুলতে দিতেন না, পরে চিঠি লিখতেও নিষেধ করে দিলেন। তবু দাঁতে দাঁত চেপে তাঁর সংশা ছিলাম একটাই লক্ষ্য নিয়ে, সিপিএমকে রাজ্যের ক্ষমতা থেকে সরাতে হবে।

২০১১ সালে সে কান্ধ শেষ হতেই তাঁর দলীয় লোকেদের তাঁর প্রায়ই শোনানো স্বামী বিবেকানন্দের সেই শাশ্বত বাণী "সত্যের জন্য সবকিছুই ত্যাগ করা চলে, কিন্তু কোনো কিছুরই জন্য সত্যকে ত্যাগ করা চলে না"—মনে প্রাণে বিশ্বাস করেই এবং ২/৩ মাস তাঁর স্বৈরাচারী আচার আচরণ লক্ষ্য করেই তাঁর পাশ থেকে সরে এসেছি। জ্বনগণকে সব সত্য জানানেই একমাত্র উর্দ্দেশ্য।

মমতা ব্যানার্জির দাসানুদাস মন্ত্রী জ্যোতিপ্রিয় মন্নিক যে ঘৃণার রাজনীতির কথা বলেই চলেছেন, তা কি সমর্থনযোগ্য গণৈতত্ত্ব মানে তো ঠাকুর রামকৃত্ত্বের বাণীর মতোই স্বচ্ছ "যত মত, তত পথ"। গত শতাব্দীতে আমেরিকার অন্যতম শ্রেষ্ঠ হাস্যরসিক চিত্রাভিনেতা গ্রুশো মার্ক্স বলেছিলেন, "রাজনীতি হচ্ছে কোনো না কোনো অন্তিত্বহীন সমস্যা বুঁজে বার ব্রুর, সেই সমস্যার ভূল কারণ খোঁজা এবং তারপর সমস্যা সমাধানের নামে ভূল পথে আন্দোলন করা।" মমতা ব্যানার্জি কি তাই করেননি?

"নৈতিকতা বাদ দিয়ে রাজনীতি হয় না।" আমেরিকার প্রান্তন রা**ন্ট্রপতি জি**মি কার্টার রাজঘাটে এসে মহাত্মা গান্ধীর সমাধিতে শ্রান্ধাঞ্জলি দিয়ে সেখানে রাখা দর্শনার্থীদের বইয়ে এই কথাগুলি লিখেছিলেন। মমতা ব্যানার্জি এবং তাঁর দলবল কি এই কথাগুলির কোনো মর্যাদা দিচ্ছেন?

এই বইয়ে আমার প্রতিটি বস্তুব্য মমতা ব্যানার্জির নিজের বই, সরকারি দিলন, ভোটার তালিকা ইত্যাদি দ্বারা সম্পূর্ণ সমর্থিত। অবশ্য কিছুটা আমার নিজের চোখে দেখা বা কানে শোনা। নিজের চোখ কানকে তো আর অবিশ্বাস করতে পারি না।

এবার বইটি পড়ে, দলিলপত্র দেখে এবং নিজেরা বিচার করে স্বাধীন দেশের গণতন্ত্রপ্রিয় নাগরিকের কর্তব্যপালন করার সম্পূর্ণ দায়িত্ব আমি অনেক আশা নিরে এই দুর্ভাগা রাজ্যের জনগদের হাতেই ছেড়ে দিচ্ছি। তাঁদের হাতেই রয়েছে গণত্র রক্ষার সেই ভোটের যাদুকাঠি যার সাহায্যে তাঁরা তাঁদের অপছন্দের স্বৈরাচারী শাসকলাকে শাসনক্ষমতা থেকে প্রথম সুযোগেই অপসারণ করতে পারেন।

সেই প্রথম সুযোগটি আসছে আগামী কয়েক মাসের মধ্যে পঞ্চায়েত নির্বাচনে। জনগণ সর্বত্র মমতা ব্যানার্জির প্রার্থীর বিরুদ্ধে দলমত নির্বিশেষে একজনমাত্র জনগণের প্রার্থী দিয়ে অধিকাংশ গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জ্বো পরিষদের অধিকাংশ আসনে মমতা ব্যানার্জির প্রার্থীদের পরাজিত করতে পারলেই বর্তমান শাসকদল অবিলম্বে ক্ষমতাচ্যুত হবে।

## লেখকের আবেদন

চিত্তরপ্থন এভিনিউ এবং বৌবাজার স্ট্রিটের সংযোগস্থলে, মেট্রো রেলের সেন্ট্রাল স্টেশনের কাছেই রাস্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে শতাধিক বছর আগে তৈরি হয়েছিল ভারত সভাগৃহ। প্রবেশ দুয়ারের ডানদিকে বিশাল মর্মরফলকে লেখা আছে তাঁর "A Nation in Making"(একটি জাতির উত্থান) শীর্ষক তাঁর বক্তৃতার মর্মবাণী। ভারতবর্ষের প্রকৃত স্বাধীনতা আন্দোলন শুরু হয়েছিল বজাভজারদ আন্দোলনের মধ্য দিয়ে (১৯০৫-১৯১১)। সে সময়ে স্বাধীনতা আন্দোলনের ও জাতীয় কংগ্রেসের নেতৃত্বে ছিলেন রবীন্দ্রনাথ, চিত্তরপ্থানের মতো ব্যক্তিত্ব। মহামতি গোখলে বলেছিলেন, "বাঙালি আজ যা ভাবে, বাকি ভারত তা ভাবে আগামীকাল।" ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম কয়েক বছরের সভাপতিদের মধ্যে অনেকেই ছিলেন বাঙালী।

রাজধানী দিল্লিতে স্থানান্তরের (১৯১৯) সময় থেকেই স্বাধীনতা আন্দোলনের নেতৃত্বভার ক্রমে ক্রমে বাঙালীর থ্যুত থেকে চলে যেতে থাকে, যার অন্যতম প্রধান কারণ ছিল বাঙালী নেতৃবৃন্দের নিজেদের মধ্যে তীব্র মত পার্থক্য। যার তিন্তুতার জ্বেরে রবীন্দ্রনাথ, (কংগ্রেস নেতৃত্বের প্রথম সারিতে, বোধহয় প্রথম স্থানেই ছিলেন। তিনি রাজ্বাহী প্রাদেশিক কংগ্রেস সম্মেলনে সভাপতিত্বও করেছিলেন) ধীরে ধীরে কংগ্রেসের প্রত্যক্ষ কাজকর্ম থেকে নিজেকে সরিয়ে নেন এবং কলমকেই সম্বল করেন। সেসময়ে তাঁর রচিত রাজাপ্রজা, সমূহ ইত্যাদি প্রবন্ধ প্রশ্বাবলীর লেখায়ই প্রাচীন ভারতীয় সমাজের দোবগুণ, বর্তমান গ্রামীণসমাজের ভয়াবহ অবস্থা এবং তাঁর স্বপ্নের নতুন ভারত কি রকম হবে, তাঁর বুপরেখা তৈরি করে দিয়ে যান।

তিনি যদি প্রত্যক্ষ নেতৃত্বে থাকতে পারতেন তবে দেশের নেতৃত্ব বাঙালীর হাত থেকে চলে যেত না। হয়তো বা মোহনদাস করমচাঁদ গান্দী প্রধান নেতৃত্বেই আসতে পারতেন না। ভূলে গেলে চলবে না যে, কংশ্রেসের নেতৃত্বে আসবার কয়েক বছরের মধ্যেই তিনি কংশ্রেসের সে আমলের চার আনার প্রাথমিক সদস্যপদও ত্যাগ করেছিলেন, কিন্তু রবীন্দ্রনাথ আজীবন কংশ্রেসের প্রাথমিক সদস্য ছিলেন। প্রত্যক্ষ রাজনৈতিক নেতৃত্ব ত্যাগ করে তিনি সমবায়ের আদর্শ ও রীতিপন্থতি মেনে গ্রামের আর্থিক উন্নয়নের সাথে সাথে সুসংহত স্বশাসিত আদর্শ পল্লীসমাজ গঠনের কাজেও সবসময় শুধু নয়, নোবেল পুরস্কারের সমস্ত টাকাটাই পতিসর গ্রামের সমবায় ব্যাক্ষে রেখে

গ্রামোন্নয়নের কাজে বায় করেছিলেন। এ সব বিষয়ে আমার সংগৃহীত অনেক নধীপ্র ভবিষ্যতে প্রকাশ করবার ইচ্ছে আছে।

গান্দীর নেতৃৎে স্বাধীনতা আন্দোলনের র্পরেখা ও কর্মপন্থতি নিয়ে রবীদ্রনাধ নিঃসন্দেহ ছিলেন না। বিশেষ করে "চতুর" গান্ধী যেভাবে অগণতান্ত্রিক পন্থতিছে বিপুল ভোটে নির্বাচিত সুভাষচন্দ্রকে কংগ্রেস সভাপতিরূপে মেনে নিতে প্রকাশ্যে অস্বীকার করেছিলেন এবং তাঁকে কর্মসমিতি (Working Committee) গঠনে বাধা দিতে, বল্লভাই প্যাটেল ও রাজেন্দ্রপ্রসাদকে দিয়ে কলকাঠি নেড়েছিলেন, (মে মড়মত্রে পরে দুর্বল চিত্ত জওহরলালও যোগ দিয়েছিলেন), সেটা রবীন্দ্রনাথ কখনেই মেনে নিতে পারেননি। অশক্ত দেহেও সুভাষচন্দ্রের আহ্বানে সাড়া দিয়ে তিনি এমে মহাজাতিসদনের ভিত্তিপ্রতর স্থাপন করেছিলেন। গান্ধীর রাজনীতি মানতে না পারলেও, তিনি গান্ধীর "প্রাম স্বরাজের" তত্ত্বে পূর্ণ সমর্থন জানিয়েছিলেন। জালিনওয়ালাবাদ্যে হত্যাকান্ডে গান্ধী নীরব থাকলেও, রবীন্দ্রনাথ সারারাত ঘুমোতে পারেননি। তাঁর বিটিশের দেওয়া "নাইট" উপাধি ত্যাগ করে বড়োলাটকে লেখা চিঠির ভাষা থেকেও অনেক খরতর শব্দবন্ধ তিনি ব্যবহার করেছেন তাঁর 'প্রশ্ন' কবিতায়। ১৯৩৪ সালে ব্রিটিশ পূলিশ হিজলী জেলে গুলি চালিয়ে দু'জন রাজবন্দীকে হত্যা করবার প্রতিবাদে তিনি নিজে মনুমেন্টের তলায় জোরালো ভাষায় প্রতিবাদী বন্তব্য রেখেছিলেন, গাঁ মাইক ছাডাই।

প্রিয় পাঠক এ যেন "ধান ভানতে শিবের গীত"। কিন্তু আমি অবশ্য তা গাইছিনা। এবার আসল কথাই আসি। ভারতসভাগৃহের বর্তমান পরিচালক মন্ডলির সভাগতি প্রেসিডেলি কলেজে আমার সহপাঠী ছিলেন। সম্পাদক প্রদীপ ভাদুড়ী আমার সামে বেশ কয়েক বছর কাজ করেছেন। সাতের দশকের প্রথমে আমি যখন অবিভদ্ধ মেদিনীপুরে জেলাশাসক ছিলাম, তখন প্রদীপ প্রথমে সদরে ও পরে কাঁথীতে মহকুমাশাসক ছিল। ভারত সভাগৃহে কোনো গুরুত্বপূর্ব আলোচনাসভা হলে, তাঁদের দুজনের মধ্যে কেউ না কেউ আমাকে জানায়। তবে, গত ২৭ শে জুলাইরের আলোচনাচক্রে আমাকে যেতে প্রথমেই অনুরোধ জানান অধ্যাপক সুনন্দ সান্যাল। আলোচনার বিষয়বস্তু সেদিনের "পরিবর্তন"। মমতা ব্যানার্জির সরকারের কাজের এক বছরের মূল্যায়ন নিয়েই আলোচনা। গিয়ে দেখি সভাগৃহ পরিপূর্ণ। তেনা পরিচিত্ত সবাই অনুরোধ জানালেও, আমি মঞ্চে উঠিনি, সেখানে শ্রীমতী মীরাতুন নাহারের সভাপতিত্বে অধ্যাপক সুনন্দ সান্যাল, অধ্যাপক তরুণ সান্যাল ও চিত্রকর শুভাগ্রমর ভট্টাচার্য উপস্থিত ছিলেন। অধ্যাপক সান্যাল পিছনে বসে পাকা আমাকে দেখতে পাননি। সেটা বুঝলাম, যখন অনেক রাতে তিনি টেলিফোন করলেন।

প্রথম বস্তা অধ্যাপক সুনন্দ সান্যাল চিত্রকর শুভাপ্রসন্নকে বললেন, "আপনিই ডো প্রথমে শত শত ব্যানার হোর্ডিংয়ে আমাদের সবার মুখ একে 'পরিবর্তন চাই' শ্লোগান তুলেছিলেন। তারপর তিনি একে একে ভাঙ্গার কলেজ্ব থেকে শুরু করে শিক্ষাক্ষেত্র ক্রমবর্ম্পমান হিংসার রাজনীতি, পার্কস্ট্রিট ও কাটোয়ার ধর্ষণকান্ড, সৃটিয়ায় মহিলা নিগ্রহের প্রতিবাদী শিক্ষক বরুণ বিশ্বাস ও বালিতে জলা বুঝিয়ে পরিবেশ দূষণের প্রতিবাদী যুবক তপন দত্তের নৃশংস হত্যাকান্ডে শাসকদলের বিরুদ্ধেই আশ্যুল তুলে প্রশ্ন করলেন, "এই পরিবর্তনই কি আমরা চেয়েছিলাম?"

উত্তরে শুভাপ্রসন্ন ভট্টাচার্য তীব্র ভাষায় সুনন্দবাবুর বক্তব্যের বিরোধিতা করতে গিয়ে মাত্রাজ্ঞান হারিয়ে ফেলে বলে ফেললেন, "ধর্ষণ আগেও ছিল, এখনও আছে, ভবিষ্যতেও থাকবে।" তাঁর এই বক্তব্যের পরে আমি সভাস্থলে থাকার মানসিকতা হারিয়ে ফেললাম।

অনেক রাতে অধ্যাপক সুনন্দ সান্যাল যখন আমাকে টেলিফোন করে অনুযোগ জানালেন যে, আমি কেন যাইনি, তখন আমি যে গিয়েছিলাম সেটা প্রমাণ করতে তাঁর ও শুভাপ্রসন্তের বন্তব্যের অনেকটা বলতেই তিনি অবাক হলেন। আমি তাঁকে জানালাম যে, মূল বন্তাদের আলোচনা শেষে যে প্রশ্লোভরের জন্য সমর রাখা ছিল, সেটাও আমি জানতাম। কিন্তু আমি ইচ্ছে করেই অপেক্ষা করিনি। তাহলে হয়তো শুভাপ্রসন্ন সম্বন্দে মানুষের অজানা তাঁর অনেক অপকর্মের ও অনন্ত জমির ও টাকার লোভের কথা এবং তাঁর টিভি চ্যানেল খোলা নিয়ে মমতা ব্যানার্জির গোঁসার কথা বলে ফেলতে বাধ্য হতাম। তাই চলে এসেছি। সর্বসমক্ষে তাঁর মুখোশটা খুলে দিতে চাইনি। যতই হোক লোকটি তো কাকের ছবি ভালোই আঁকেন এবং ২০০৯ সালে রেলমন্ত্রী হবার পর মমতা ব্যানার্জি ও তাঁর সাজোপাঞ্চাদের নৈশাহার ইত্যাদির ব্যবস্থা তাঁরই বাড়িতে গ্রায়ই হতো। যেখানে দু'একবার আপনিও গেছেন। মাত্র একবারই আঁড়ি পাতবার দায়ে এক মহিলা টিভি সাংবাদিককে তিনি তাড়া করে হেনস্থা করেছিলেন।

ভগবান রামচন্দ্র চৌদ্দ বছর বনবাসে ছিলেন, অযোধ্যাবাসী অধীর আগ্রহে তাঁর প্রত্যাবর্তনের দিকে তাকিয়ে দিন কাটাতেন। অভাগা বাঙালী ৩৪ বছর সিপিএমের অপশাসন, দুর্নীতি, দলবাজি এবং সর্বোপরি সিষ্পারে ও নন্দীগ্রামে ঠ্যাষ্ণানি খেয়ে "পরিবর্তন চাই" বলে গলা ফাটিয়ে, পরিবর্তনের পর চৌদ্দ মাসে কি পেল: প্রথম দিন থেকেই কাঁদুনি শুরু করেছেন মুখ্যমন্ত্রী যে কেন্দ্রীয় সরকারই যত নন্টের গোড়া। তারা কেন বামফ্রন্ট আমলের ২ লক্ষ টাকা ঋণ মকুব করে দিচ্ছে না, নিদেনপক্ষে অন্ততঃ সুদের টাকা যেন দিতে না হয়, তার ব্যবস্থাও করছে না।

অর্থচ, কলকাতাকে রাতারাতি লন্ডন বানাবার জন্য কোনোরকম নিয়মকানুন ও আর্থিক আইনশৃথলা না মেনে কোটি কোটি টাকা খরচ করে ব্রিফলা (নিম্ফলা বলে কেউ কেউ বিদুপ করছেন) আলো লাগানো হচ্ছে; নেব্রীর আশ্বীয় স্বজনের দোকান থেকে টনটন সাদা ও নীল রঙ কিনে কলকাতা রঙ করা হচ্ছে। অজন্ম রাস্তার মোড়ে মোড়ে অনবরত মাইকে রবীন্দ্রসংগীত বাজানো হচ্ছে, শব্দবিধি অগ্রাহ্য করেও; লাখো লাখো পতি কিছু কিছু জানীগুণীজনকে সম্মান জানানোর নামে 'বঙ্গাবিভূষণ" উপাধির সাথে লাখো লাখো টাকাও দেওয়া হচ্ছে। তাঁরাও সেটা মুখ্যমন্ত্রীর ব্রাণ তহবিলে দান না করে পকেটস্থ করছেন; গ্রায়ই মন্ত্রী ও সচিবদের বড়োবড়ো বৈঠক ডাকা হচ্ছে

টাউন হলে এবং সেখানে দেদার খাওয়া দাওয়া হচ্ছে। আর সর্বোপরি প্রায় প্রতিদিন্ট মুখ্যমন্ত্রী ও অন্যান্য মন্ত্রীমান্ত্রীদের ছবি দিয়ে বহু সংবাদপত্রে লাখো লাখো টাব্বা বিজ্ঞাপন দেওয়া হচ্ছে—শোনা যাছে সরকারের বর্ষপুরণের অনুষ্ঠানেই ২৫ বেলী টাকারও বেশি বিল বকেয়া পড়ে আছে। বছরের প্রথম ৪ মাসের বেতন দিতেই ১০ হাজার কোটি টাকা ঋণ বাজার থেকে নিতে হয়েছে। অর্থাৎ বেপরোয়া খরচ ব্বা রাজ্যের ঋণের বোঝা মমতা ব্যানার্জি আরও বাড়িয়ে তুলছেন।

আবার অন্যদিকে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী, জলসম্পদ উন্নয়ন মন্ত্রী, তাঁরা না ম্ব কংগ্রেসী কিন্তু তৃণমূলের মন্ত্রী সৌগত রায় প্রায়ই সংখ্যাতত্ত্ব দিয়ে অভিযোগ জানাচ্ছেন যে, রাজ্যের বিবিধ উন্নয়ন খাতে কেন্দ্রের দেওয়া হাজার হাজার কোটি টাকা ব্য়ঃ হচ্ছে না বলেই, কেন্দ্র কোনো খাতেই নতুন করে টাকা দিতে পারছে না।

(২) ২০০৪ সালে লোকসভা নির্বাচনে ও ২০০৬ সালে বিধানসভা নির্বাচনে যখন মমতা ব্যানার্জি এন. ডি এ.র নামে বিজেপির হাত ধরেই নির্বাচনে লড়ে শোচনীয় পরাজয়ের সম্মুখীন হয়েছিলেন, তখন তিনি ঘর থেকে বেরুনোই ব করে দিয়েছিলেন। সিষ্গুর আন্দোলনই তাঁকে আবার রাজ্যে বিরোধী রা**জনী**ঞ্জি পাদপ্রদীপে নিয়ে এলো। সিশ্যুরের প্রায় হাজার একর অধিগৃহীত কৃবি জমি মধ্যে, প্রায় ৬০০ একর জমির মালিকেরা নানাবিধ কারণে ক্ষতিপুরণের টাকা নিরে জমি ছেড়ে দিয়েছিলেন। অর্থাৎ প্রায় ৪০০ একর জমির মালিকেরা, (যারা <mark>মূলঙ্ক</mark> কৃষিকাজ করেই জাবিকা নির্বাহ করতেন এবং যাদের মধ্যে মাঝারি ও ক্ষুদ্র চাষীরাই কেবল ছিলেন), তাঁরা জমি ছাডতে রাজি হননি। এঁদের সঙ্গো যোগ দিয়েছিলেন, কিছু বর্গাদার ও ভূমিহীন ক্ষেতমজুররা, কেননা মালিকের জ্ঞমি চলে গেলে তারাও রোজগার হারাবেন)। এদের নিয়েই গড়ে উঠেছিল সিশাূর কৃষিজমি রক্ষা কমিটি। যার যুগ্ম আহায়ক ছিলেন স্থানীয় এক এস.ইউ.সি.আই. নেতা ও বেচারাম মান্ন নামে এক তৃণমূল সমর্থক। বেচারাম ছিলেন একজন পাটকল কর্মচারী যাঁর নিজৰ কোনো জমি ছিল না। ২৫ শে সেপ্টেম্বর, যেদিন রাতে মমতা ব্যানার্জিকে পুলিশ বলপূর্বক সিষ্পুর বিডিও অফিস থেকে শারীরিক অত্যাচার করে তুলে নিমে বায়, সেদিন থেকেই আন্দোলনের রাশ মোটামূটি তৃণমূল কংগ্রেসের হাতে চলে যায়। যদিও, পরে রাজ্যস্তরে যে 'কৃষিজ্বমি -জীবন-জীবিকা রক্ষা কমিটি' গঠিত হয়েছিল, তাতে এস.ইউ.সি.আই., পুরোনো বেশ কিছু নকশালবাদী সংগঠন, পশ্চিমবর্গা ক্ষেতমজুর সমিতিসহ বিভিন্ন গণসংগঠন এবং সৃশীল সমাজের অনেক প্রতিনিধি ছিলেন। তবু মমতা ব্যানার্জির কথাই ছিল শেষ কথা। কমিটির সব মিটিংই হড়ো প্রথমে মমতা ব্যানার্জির বাড়িতে পরে তৃণমূল কংগ্রেসের নতুন ভবনে। মমতা ব্যানার্জির কড়া নিষেধাজ্ঞায়, আমার মতো ভূমিসংস্কার ও জমি অধিগ্রহণ আইন জানা ও ব্যবহারিক সুদীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন বোধহন্ন পশ্চিমবশ্যে অন্য কোন সরকারি আধিকারিক নেই এই তথ্য তাঁর জানা থাকা সত্ত্বেও, ক্সেনো একটি মিটিয়ে আমি বহু সম্পূর্ণ অনভিজ্ঞ, যাঁর মধ্যে মমতা ব্যানার্জি নিজেই অন্যতমা, সদস্যের সম্পূর্ণ ভূল ও অপ্রাসন্ধিক মতামতের কোনো জবাব দিতে পারিনি।

সিল্যুর নিয়ে বহু ব্যক্তি ও বহু সংগঠন কলকাতা হাইকোটে মামলা দায়ের করেছিল। তার মধ্যে তৃণমূল কংগ্রেসও ছিল। পশ্চিমবশোর বহু মানুষ যে দেবব্রত বল্যোপাধ্যায়কে (প্রান্তন আই.এ.এস., বর্তমানে রাজ্যসভার সাংসদ) ভূমিসক্রান্ত বিষয়ে শেব কথা বলার মতো ব্যক্তি বলে মনে করেন, (যদিও কিছুকাল নদীয়ার জ্বেলাশাসক থাকাকালীন তিনি এক শতক জমিও অধিগ্রহণ করেননি, এবং প্রথম ও দ্বিতীয় যুক্তফ্রন্ট আমলে (১৯৬৭ ও ১৯৬৯ সালে) সিপিএমের দলদাসে পরিণত হয়ে সিলিংবহির্ভৃত জমি উন্ধার ও তা কৃষক সভার সদস্য সমর্থকদের মধ্যে বন্টনের সরকারি দায়িত্ব সম্পূর্ণভাবে ছেড়ে দিয়েছিলেন এবং সেসময়ে তিনি বে-আইনীভাবে বহু জমি সরকারে ন্যন্ত করিয়েছিলেন, তেমনই ১৯৭৮-৮২ সালে প্রথম বামফ্রন্ট সরকারের আমলে বে-আইনীভাবে বহু জমিতে বর্গাদার নথীভুক্ত করাবার অবাধ লাইসেন্স দিয়েছিলেন কৃষকসভাকেই, তিনিও সম্পূর্ণ ভূল ভিত্তিতে একটি মামলা করেছিলেন। সব মামলাগুলিরই একসজো শুনানি হয়েছিল প্রায় এক বছর। তৃণমূল কংগ্রেসের বাক্যবাগীশ আইনজীবীদের ভূল লাইনে মামলা চালানোর জন্মই বিচারকেরা সিল্যুরের জমি অধিগ্রহণকে আইন সংগত বলেই রায় দিয়েছিলেন। এখনও সে মামলা সুপ্রীমকোর্টে গুলছে।

গোপনে রাতে চিকেন স্যাভউইচ ও দিনে চকোলেট খেয়ে ২৫ দিন অনশন চালিয়ে সরকারি, বিশেষ করে মিলিটারি হাসপাতালে ভর্তি হবার ভয়ে রাতারাতি অনুগত এক ডাক্টার দম্পতির, (একজন এখন সাংসদ ও অন্যজন রাজ্যের মন্ত্রী) তত্বাবধানে এক বেসরকারি নার্সিং হোমে পালিয়ে গিয়েছিলেন। সে সময় রাজ্যপালের অনুরোধে সিজারের অনিচ্ছুক চাষীদের কাছ খেকে তাদের জমির পরিমাণ ইত্যাদি বিষয়ে চন্দননগর কোর্টে প্রায় ২৫০টি এ্যাফিডেভিটে জমা পড়েছিল মোট জমির পরিমাণ মান্ত্র ২৭০ একরের মতো হয়েছিল।

ক্ষমতাসীন নতুন মন্ত্রীসভার প্রথম সিন্দান্ত ছিল অনিচ্ছুক কৃষকদের জমি ফিরিয়ে দিতে হবে, যে কাজটা সুষ্ঠভাবে ধুত করতে গোলে টাটা কোম্পানি এবং সহকারী ছোটো ছোটো ফ্রান্টো সরবরাহকারী কোম্পানিগুলির সজো আলোচনা করে ওঁদের আইনমতো ক্ষতিপূরণ দিয়ে অধিগৃহীত জমিটা ফেরত নিয়ে তা প্রত অনিচ্ছুক কৃষকদের ফিরিয়ে দেওয়া যেত। তা না করে, সরকার একবার অধিগৃহীত জমি পুনরায়, অধিগ্রহণের জন্য নতুন এক আইন পাশ করলেন যাতে অনিচ্ছুক কৃষকদের নাম, জমির পরিমাণ, টাকার পরিমাণ ইত্যাদি সব বিস্তারিত বিবরণ দিয়ে এক ঢাউস তালিকা সংযোজন করা হল। টাটা কোম্পানি মামলা করল। সরকার হারল, তবে ২ মাস সময় পেল সুপ্রিম কোর্টে যাবে বলে। সুপ্রিম কোর্টে কতদিন মামলা চলবে, কতদিন পরে সুপ্রিম কোর্ট রায় দেবে তা এখন অজ্ঞানা হতে পারে, তবে রায় যে সরকারের অনুকৃলে যাবে না তা বলেই দেওয়া যায়।

ইতিমধ্যে অনিচ্ছুক কৃষকদের অসন্তোষ ঠেকাতে প্রত্যেক অনিচ্ছুক পরিবারকে

মাসে এক হাজার, পরে তা বাড়িয়ে দু' হাজার টাকা করে ভাতা এবং মাসে ৮ কেন্দ্রি চাল বিনামূল্যে বিলানো শুরু হয়েছে যেটাকে অন্যান্য রাজনৈতিক দল সঠিকভাবেই ঘুষ দেওয়া বলছে। এভাবে কতদিন চলবে ং

আর সরকারের এই মনোভাবে শিল্পতিসংঘগুলি সবাই আশংকা করছে যে, জমি না পেলে কোনো শিল্পতি বাংলায় শিল্পস্থাপনে এগিয়ে আসবে না। ঠিক তাই হয়েছে। চৌদ্দ মাসেও নতুন একটিও শিল্পস্থাপনের বিশ্বাসযোগ্য প্রস্তাব আসা তো দূরে থাক্, পুরোনো বন্দ শিল্পগুলির একটিও আবার খুলবার কোনো লক্ষ্ণাই দেখা যাচ্ছে না।

হায় হতভাগ্য সিশ্যুরের অনিচ্ছুক কৃষকেরা। তাদের আম তো আগেই গেছে, এবার ছালাও যাবে এবং আগামী বহুদিন তাদের সরকারি ডোল খেয়েই কোনোমডে বাঁচতে হবে।

জমি অধিগ্রহণের ভূল নীতি —সরকার কোনো জমি অধিগ্রহণ করবে না—এখন ব্যুমেরাং হয়ে ফিরে আসছে। ৩৪ নং জাতীয় সড়ক ও বারাসত বনগা জাতীয় সড়ক চওড়া করবার কাজ সম্পূর্ণ বন্ধ। এমনকি বন্যা রোধের জন্য বাঁধ নির্মাণের জমিও পাওয়া যাচ্ছে না। যদি ৩ বছর আগেকার আয়লার মতো বিপর্যয় আবার আসে, তবে সরকার অকূলপাথারে পড়বেই।

উপযুক্ত ক্ষতিপূরণ এবং সঠিক পুনর্বাসনের পরিকল্পনা করে জমি-মালিকদের সন্তুক্ত করে জমি অধিগ্রহণে সরকার এগিয়ে না এলে বাংলায় নতুন শিল্প দূরে থাকুক, নতুন রাস্তাঘাট, বাঁধ নির্মাণ এমনকি শিক্ষায়তন, হাসপাতাল ও বিদ্যুৎকেন্দ্র স্থাপনের কাজও পুরোপুরি থমকে যাবে, যেমন হয়েছে কাটোয়ার প্রস্তাবিত নতুন তাপবিদ্যুৎ কেন্দ্রে।

প্রস্ন মুখার্জির মতো একজন জালিয়াত ধায়াবাজ অনাবাসী শিল্পণিতর খয়রে পড়েছে সরকার। সে ২০০৫ সালে মুখ্যমন্ত্রীর বিশ্বাসভাজন হয়ে সেলিম সাজোসা গোষ্ঠীর দালাল সেজে, হাওড়ার কোনায় অত্যন্ত স্বন্ধমূল্যে প্রায় ২০০ একর জমিতে কলকাতা পশ্চিম উপনগরী গড়বার কাজ অর্ম্পসমাপ্ত রেখে হাজার হাজার মধ্যবিত্ত বাজালির কাছ থেকে আবাসনের অক্রিম বাবদ কোটি কোটি টাকা কামিয়েছে। উলুবেড়িয়ায় মহাভারত মোটরবাইক নির্মাদের জন্য কয়েকশো একর জমি প্রায় বিনামূল্যে নিয়ে সাত বছর যাবং ফেলে রেখেছে। কারখানা নির্মাণের চিহ্নমান্ত্র নেই। আবার নয়াচরে কয়েক হাজার একর জমি সরকার তাঁকেই দিয়েছে নাকি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, সমুদ্রবন্দর, ইকো-ট্রারিজম ইত্যাদি সব স্বপ্নের প্রকল্প গড়বার জন্য। টৌদ্দমাসে এ কাজ একপাও এগোয়নি।

কেন এই পুস্তকং কেনং পশ্চিমবশ্যের অসহায় জনগণধারা নির্বাচিত নতুন সরকারের প্রথম বর্ষপূর্তির মাত্র দিন দুয়েক আগেং

আমি যখন মতিঝিল কলেজে ইন্টারমিডিয়েটের প্রথম বর্ষের বিজ্ঞানের ছাত্র (১৯৫২-৫৪), তখন ইংরেজির প্রখ্যাত অধ্যাপক এবং কলেজের প্রিন্দিপাল প্রয়াত নরেন্দ্রলাল গান্সুলী নিচের কবিতাটি কলেজ ম্যাগাজিনের জন্য লেখেন:

"Three score years and ten,
Average life of men.
Is that short or long,
Is life a fight or song?
Or a mix of two,
Partly false and partly true?"
ভার এই ছাত্র এই কবিভার বঙ্গানুবাদ করেছিলেন—

"তিন কুড়ি দশ।
মানুষের গড় বয়স।
এটা কি কম, না বেশি?
জীবন কি যুন্ধ, না হাসি?
নাকি দুটোই আছে?
কিছু সত্যি, কিছু মিছে।"

২০০৬ সালের বিধানসভা নির্বাচনে আমি যাদবপুর বিধানসভা কেন্দ্রে কুন্দদেব ভট্টাচার্যের কাছে পর্যুদস্ত হই। আলিপুর সদরের এস. ডি. ও তথা রিটার্নিং অফিসারের কাছে মনোনয়নপত্র দাখিলের সময় তৎকালীন মুখ্যমন্ত্রীর মুখ্য নির্বাচনী এক্ষেট প্রয়াত প্রথব সেনের প্রধান সহকারী খোকন ঘোষ দন্তিদারের একটি কথা আমার কানে আজও বাজে। তিনি বলেছিলেন যে ২০০১ সালের বিধানসভা নির্বাচনে মাধবী মুখোপাধ্যায় ২৯ হাজারের বেশি ভোটে পরাজিত হন এবং এবারে জয়ের ব্যবধান দ্বিগুণ হবে। তাঁর কথা, ঋষিবাক্যের মতো ফলে যায়। আমি ৫৮ হাজার ভোটে পরাজিত হই। পরবর্তী তিন-চার সপ্তাহ ধরে আমার কাছে অনেকগুলি কোন আসে। সকলেরই বিক্ষিত বস্তব্য হল, "বেখানে সেই সমস্ত মানুষ যাঁরা একের পর এক নির্বাচনে সিপিএমের বিরুদ্ধে ভোট দিতে পারেননি, অথচ এবারের নির্বাচনে কমিশনের মোতায়েন করা পুলিশি

নিরাপন্তায় তাঁরা ভোট দিতে পেরেছেন এবং আমাকেই ভোট দিয়েছেন।" সেখানে আমি পরাজিত হই কিভাবে! ২০০১ সালে তৃণমূল কল্মেসের প্রাপ্ত আসন সংখ্যাছিল ৬০, —আমিও সেবারে পুরনো কেন্দ্র মহিষাদল থেকে পুনর্নিবাচিত হই। ২০০৬ সালে তৃণমূল পায় মাত্র ২৯টি আসন। দলের প্রধান মমতা বন্দ্যোপাধ্যায় জাের দিয়ে 'হাই-টেক রিগিং-'এর কথা বলেন এবং দলের সমস্ত নেতারা তাতে সুর মেলান। মাসখানেকের মধ্যে সায়েল সিটি অভিটোরিয়ামে অনুষ্ঠিত এক কনভেনশনে যাদবপুর ও কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকসহ অন্যান্য বিশেষজ্ঞরা ব্যাখ্যা করেন যে "ভোট দেওয়ার ও ভোটগণনার সময় ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) কারচুপি করে সিপিএমের পক্ষে বিরোধী ভোটারদের সদিছাকে পরান্ত করা কতাা সহজ্ব।" কিন্তু, শেষ পর্যন্ত নির্বাচন কমিশন এরকম কোনা সন্তাবনাকে নাকচ করে দেয়। 'ইভিএম' সম্পর্কে নির্বাচন কমিশনের রীতিমতো অন্ধ বিশ্বাস ছিল।

সে সময় আমার তিন-কৃড়ি দশ বছর বয়সে পৌঁছতে আর কয়েক মাস বাকি ছিল। আমি তখন রাজনীতি থেকে ইতি টানবার সিন্ধান্ত নিই। কয়েক বছর আগে আই.সি.এস, অশোক মিত্র 'তিন-কুড়ি দশ' নামে তাঁর আত্মজীবনী লেখেন। ১৯৪০ সাল থেকেই অশোকবাবু আমাদের পরিবারের শৃভাকা কী বন্ধু, সে সময় তিনি ঢাকা জেলার বিক্রমপুর পরগনার মুনশীগঞ্জের এস.ডি.ও ছিলেন। 'আমি কে'? শীর্ষক এই পৃত্তিকার শেব অধ্যায়ে এ বিষয়ে কিছু তথ্য আছে।

২০০৬ সালের নির্বাচনী বিপর্যয়ের পর আমি আঘ্মজীবনী লেখার কথা মনস্থ করি। সেখানে নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে তথ্য অনুসারী দলিলপত্র ও ছবি সর্বসাধারণের বিবেচনার জন্য প্রকাশ করার কথা ভাবি। বেখানে থাকবে—(১) ১৯৬৭ সালে নকশালবাড়ির প্রথম অভ্যুখান, যখন আমি শিলিগুড়ির এস.ডি.ও এবং ১৯৭৩ সালে মেদিনীপুরে এই অভ্যুখানের অবসান, যেখানে আমি তৎকালীন জেলাশাসক এবং (২) বাংলাদেশের সুদ্ধিযুদ্ধ (১৯৭১), যখন বাংলাদেশের অন্তর্বতী সরকারের সদর দপ্তর মুজিবনগর প্রায় আমার বাংলো, আমি তখন নদীয়ার জেলাশাসক এবং (৩) আমার প্রথম জীবন ও সাঁইত্রিশ বছরের (১৯৫৮-১৯৯৫) চাকরি জীবন ও দশ বছরের বেশি সময়ের (১৯৯৫-২০০৬) রাজনৈতিক জীবনের আরো অনেক গুরুত্বপূর্ণ ঘটনা।

আমি মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে গিয়ে তাঁকে রাজনীতি থেকে অবসর নেবার সিন্ধান্তর কথা জানাই। মমতা শোনামাত্র চেয়ার ছেড়ে লাফিয়ে উঠে বলেন "আপনি কোথায় যাবেন? আমি ঠিক করেছি যে আপনি তিন বছর পরের (২০০৯) লোকসভা ভোটে যাদবপুর লোকসভা কেন্দ্র থেকে দাঁড়াবেন, কারণ কৃষ্ণাদি (কৃষ্ণা বসু) গুই কেন্দ্র থেকে আর দাঁড়াতে চান না। গুখানে উনি ১৯৯৬, ১৯৯৮ আর ১৯৯৯-তে মোট তিনবার জিতেছিলেন, কিন্তু ২০০৪ সালে হেরে যান। আপনি যাতে নতুনভাবে পুনর্বিন্যন্ত যাদবপুর কেন্দ্রের সাতটি বিধানসভার সমন্ত কর্মিসভা আর জনসভায় যেতে পারেন সেজন্য আমি গোবিন্দদাকে (গোবিন্দ নঙ্কর) জরুরি নির্দেশ দিয়ে দিছি। এই

বিপদের সময় প্লিজ্ আমাদের ছেড়ে যাবেন না। সত্যি কথা বলতে কি আমি পার্টি থেকে ইন্ডফা দেওয়ার ব্যাপারে মমতাকে আর জোরাজুরি করতে পারি নি। আমি তখন গোবিন্দ নস্কর ও অন্যান্য নেতাদের সক্ষো যাদবপুর কেন্দ্রে যোরাঘুরি করতে শুরু করি। বলতে দ্বিধা নেই যখনই মমতা বন্দ্যোপাধ্যায়ের সক্ষো আমার দেখা হত—তখনই তিনি আমাকে আরো কঠোর পরিশ্রম করার কথা বলতেন।

কিন্তু সিষ্গার-নন্দীগ্রামের পর মমতা আমার সঙ্গো প্রতারণা করেন। তখন কবীর সুমন তাঁর গিটার ও হুদয়স্পর্লী গান নিয়ে মমতার অত্যন্ত ঘনিষ্ঠ হয়ে ওঠেন, আর মহাখেতা দেবীর মতো মমতার আগেকার শুভাকাঞ্চীরাও প্রস্তাব করেন যে যাদবপুরের আসনটি সুমনকেই দেওয়া হোক।

২০০৮ সালের মাঝামাঝি সময়ে মমতা বন্দ্যোপাধ্যায় প্রায় ২০-২৫ জন শীর্ষনেতাকে নিয়ে একটি কোর কমিটি তৈরি করেন। প্রতি বৃহস্পতিবার চারটে নাগাদ মমতার বাড়ির দলীয় কার্যালয়ের লাগোয়া প্রেস রুমে এই কোর কমিটি বসত। এটা অবশ্য অন্য কথা বে, ক্রমশ মমতা এই কমিটিতে ২০০ জন নেতাকে নিয়ে আসেন। এই কমিটি শেষবার বসে তৃণমূল ভবনের প্রেস রুমে, গত (২০১১) বিধানসভা নির্বাচনের মাস দুয়েক আগে। এই কমিটির প্রতিটি মিটিংয়ে মমতা যে কথাটিতে জ্বোর দিতেন তা হল, কেউ যেন কোনও নির্বাচনে নিজে থেকে টিকিট না চায় এবং অন্য কারুর নামও যেন প্রস্তাবন না করে, তিনি নিজেই দলের স্বার্থে ন্যায়বিচার করবেন।

২০০৮ সালের অক্টোবরের মাঝামাঝি সময় মমতা আমাকে সপ্তাহে তিন-চার দিন মেদিনীপুরে গিয়ে থাকতে বলেন এবং লালগড় ও তার আশগাশের অঞ্চল ঘুরে দেখতে বলেন। সে সময় কেন্দ্রীয় ও রাজ্য সরকারের যৌথ বাহিনী মাওবাদীদের বিরুম্থে অভিযান চালাচ্ছিল।

আমি মেদিনীপুরে ফিরে যেতে পেরে খুর্শিই হয়েছিলাম ।ওখানে আমি চার বছর (১৯৭৩-১৯৭৬) জেলাশাসক হিসেবে কাজ করেছি, দুবছর (২০০১-০৩) দলের জেলা সভাপতি ছিলাম, এই জেলা থেকেই ১৯৯৯ সালে মহিবাদল বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে মাত্র ১০২০ ভোটে প্রথম নির্বাচিত হই এবং ২০০১ সালে ঐ একই আসনে ৭৮৯৮টি ভোটের ব্যবধানে ফের জিতি।

আমাকে সপ্তাহে তিন-চারদিন মেদিনীপুরে থাকতে বলা হয়েছিল। আমি সন্তিই বোকা।
মমতা একজন ধূর্ত রাজনীতিক। আমি তখন বুঝতে পারিনি যে মমতা ইতিমধ্যেই যাদকপুর
থেকে সুমনকে দাঁড় করানোর সিন্দান্ত নিয়ে ফেলেছেন, আর আমাকে মেদিনীপুর পাঠিরে
সুমনের জন্য রাস্তা পরিষ্কার করছেন। আমার দুবে একটাই—মমতা যদি আমাকে সে সময়
ক্ষাটা জানাতেন তবে আমি খুলি মনে ২০০৯ সালের লোকসভা নির্বাচনে মেদিনীপুর থেকে
দাঁড়ানোর প্রস্তাবে রাজি হয়ে যেতাম। মমতা আমাকে মার্চের প্রথম সপ্তাহ পর্যন্ত অপেকা
করান—সেই সময় কার কমিটির এক মিটিংয়ের পর তিনি আমাকে মেদিনীপুর থেকে দাঁড়
করানোর সিন্ধান্তের কথা জানান, যাতে সুমন যাদকপুর থেকে নির্বাচনে লড়তে পারেন।

আমি অত্যন্ত সতর্কতার সজ্যে গত ছমাস ধরে তথ্যের অধিকার আইন, ২০০৫-এর ৬ (ক) ধারা অনুযায়ী সরকারকে একের পর এক প্রশ্ন পাঠিয়েছি এবং মমতাকে ব্যক্তিগতভাবে একাধিক গোপনীয় চিঠি পাঠিয়েছি। কিন্তু প্রতিবারই জবাব পেয়েছি হয় 'প্রশ্নের উত্তর দিতে অস্বীকার' অথবা 'প্রশ্নের উত্তর না পাঠানো।' এখানে এই আর টি আই-এর প্রশ্নগুলি এবং অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেসের চেয়ারপার্সন হিসেবে মমতাকে পাঠানো চিঠিগুলি—'যে চিঠিগুলি প্রত্যেকটি তপসিয়ার তৃণমূল ভবনে তাঁর গার্টির ঠিকানায় ও তাঁর কালীঘাটের বাড়ির ঠিকানায় পাঠানো হয়েছে—যে দৃটি বাড়িই বে-আইনীভাবে দর্খল করা, তৈরি করা বা বাড়ানো হয়েছে।

সিপিএম-বিরোধিতার প্রতীক হিসেবে মমতার ভূমিকা শেষ হয়ে গেছে কিনা এবং তাঁর চূড়ান্ত অপশাসন থেকে রাজ্যকে বাঁচানোর জন্য তাঁর চিরতরে রাজনীতি থেকে সরে দাঁডানো উচিত কিনা, সে বিচারের ভার এখন মানুষের উপর।

প্রতিদিন তিনি বাংলার অর্থাৎ মা, মাটি মানুষের শোচনীয় এবং অপুরণীয় ক্ষণ্ডি করছেন। তাই এই অবস্থা কাটিয়ে উঠতে কিছু একটা উপায় বার করতে হবে এবং তা একুনি।

মমতার পার্টির একশো জন সং বিধায়ক মমতার থেকে নিজেদের বিচ্ছিন্ন করুন। কংগ্রেসি বিধায়করা তাঁদের সজো যোগ দিন। সিপিএম বাদে বামফ্রন্টের অন্যান্য দলের বিধায়কদেরও উচিত এই নতুন জোটকে সমর্থন করা। এস ইউ সি আই ও অন্যান্য নির্দল বিধায়কদেরও সেই একই পথে হাঁটা উচিত।

এই সমস্ত বিধায়করা, যাঁদের সংখ্যা হবে দেড়শোর বেশি, তাঁরা যত তাড়াতাড়ি সম্ভব বৈঠক করে তাঁদের নিজেদের মধ্যে থেকে বা বাইরের কাউকেও তাঁদের নেতা নির্বাচিত করতে পারেন। এমনকী তমলুকের তর্ল সাংসদ, তৃশমূলের একমাত্র উদীয়মান নেতা, যাঁকে মমতাও পুরোপুরি বিশাস করেন না, সেই শুভেন্দু অধিকারীকেও তাঁরা নেতা নির্বাচিত করতে পারেন।

তৃণমূল কংশ্রেসের সাংসদদের ব্যাপারটা ভাবা উচিত এবং যাঁরা ইচ্ছুক তাঁরাও মমতাকে বিদার দিয়ে পশ্চিমবক্ষা বিধানসভায় এই নতুন জ্রোটকে সমর্থন করতে পারেন এবং মমতা মনোনীত কেন্দ্রীয় রাষ্ট্র মন্ত্রীদের বদলে নিজেরা কেন্দ্রে মন্ত্রী হতে পারেন। মমতা বন্দ্যোপাধ্যায় ও তাঁর তৃণমূল কংগ্রেসের সঞ্চো আমার দুর্ভাগ্যের ১৩ বছর।

১৯৯৭ সালের ৯ আগস্টের এক সম্বেবেলা টি.ভি চ্যানেল মারফত জানতে পারি যে, অজিত কুমার পাঁজা নেতাজি ইভোর স্টেডিয়ামে অনুষ্ঠিত এআইসিসি-র অধিবেশন খেকে বেরিয়ে এসেছেন এবং ময়দানে গান্ধী মূর্তির কাছে মমতা বন্দ্যোপাধ্যায়ের বিক্ষুম্ব যুব কংগ্রেসের মিছিলে যোগ দিয়েছেন। আমি অজিত কুমার পাঁজাকে সিন্দার্থ শক্ষর রায়ের মন্ত্রীসভার (১৯৭২-৭৭) অন্যতম দক্ষ মন্ত্রী হিসেবে চিনতাম। তাঁকে সবসময় একজন ঠাতা মাথার, ধীর-স্থির এবং পরিশ্রমী মানুক হিসেবেই জেনে এসেছি। তাঁর মতো একজন নেতা কেন কংগ্রেস অধিবেশন থেকে বেরিয়ে এসে মমতার যুব কংগ্রেস কর্মীদের মিছিলে যোগ দিলেন—এ প্রশ্ন আমার মাথায় ঘুরপাক খাচ্ছিল। যে মমতা বন্দ্যোপাধ্যায় অজিত পাঁজাকে তাঁর যুব কংগ্রেসি মিছিলে নিয়ে আসতে সমর্থ হন, তাঁর সঙ্গো দেখা করতে আগ্রহী হয়ে পড়ি।

সাঁহবিশ বছরের সরকারি চাকরি জীবন থেকে অবসর নেওয়ার ঠিক পরদিন, ১৯৯৫ সালের ১ নভেম্বর, কংগ্রেসে যোগ দিই। সৌজন্যে প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্র। আমাকে সোমেন মিত্রের কাছে নিয়ে যান সতীশ জানা—আমি মেদিনীপুরের জেলাশাসক থাকাকালীন (১৯৭৩-৭৬) তিনি মেদিনীপুর কংগ্রেসের ছাত্রনেতা ছিলেন। পরে আমাকে প্রদেশ কংগ্রেসের ইশতেহার কমিটিতে নেওয়া হয়—যে কমিটির চেয়ারম্যান ছিলেন অজিত কুমার পাঁজা এবং অন্যান্য সদস্যদের মধ্যে ছিলেন সূত্রত মুখোপাধ্যায়, প্রদীপ ভট্টাচার্য, সর্দার আমজাদ আলি ও সুখেন্দু শেখর রায়। ১৯৯৬ সালের জানুয়ারির গোড়ার দিকে এই কমিটি নিজাম প্যালেসের একটি ঘরে বসতে শুরু করে। সেটি ছিল পশ্চিমবঙ্গো আরেকটি বিধানসভা নির্বাচনের বছর। কমিটির প্রথম মিটিংয়ে আমাকে নিয়ে যান সূত্রত মুখোপাধ্যায়, যাঁকে মমতা ১৯৯২ সালে তরমুজ' আখ্যা দেন। তরমুজের বাইরেটা সবুজ, যা জাতীয় কংপ্রেসের প্রতীকী রং আর ভেতরটা লাল, যা সিপিএমের রং। সেই আখ্যা থেকে যায়। কয়েকটি সাপ্রাহিক মিটিংয়ে কমিটির আলোচনা যথেকটি প্রাণবন্ত হয়।

কিন্তু মার্চ মাসে নির্বাচন ঘোষণা হওয়ার সজ্যে সজ্যে সমস্ত কংগ্রেস নেতারা নিজের নিজের প্রার্থী তালিকা নিরে দিল্লি ছুটলেন। অজিত পাঁজার নির্দেশে আমি ইউকো ব্যাক্ষের বিবাদীবাগ শাখার কর্মী পার্থ নামে এক কংগ্রেস সমর্থকের সাহায্যে একা হাতে ইস্তাহার তৈরি করি এবং সোমেন মিত্র ও অজিত পাঁজার অনুমোদন নিয়ে তা ছাপিয়েও ফেলি। এই সময় মনতা বন্দ্যোপাধ্যায় বিরাট এক অন্তঃপার্টি কলহের সূচনা করেন। তাঁর বন্ধব্য তিনি প্রতারিত হয়েছেন এবং অধীর চৌধুরী, শব্দর সিংহ, সূলতান আহমেদের মতো সমাজ বিরোধী হিসেবে পরিচিত কিছু কংগ্রেস নেতার নাম প্রার্থী তালিকায় টোকানো হয়েছে। অপচ সেই তুলমুলের সূলতান আহমেদ এখন কেন্দ্রীয় মন্ত্রী, সৌজন্যে মমতা বন্দ্যোপাধ্যায়। আর অধীর চৌধুরী ও শব্দর সিংহ প্রদেশ কংগ্রেসে মমতার কট্রের সমালোচক। মমতা তখন গলায় তাঁর কালো শাল কুলিয়ে গাড়ির বনেটের উপর দাছিয়ে আগ্রহত্যার নাটক করেন। একাধিক কংগ্রেস প্রার্থীর বিরুদ্ধে তাঁর প্রকাশ্য বিরোধিতার ফলে তাঁরা ১৯৯৬ সালের বিধানসভা নির্বাচনে পরাজিত হন। অন্যথায় সে বছর কংগ্রেস বিধানসভায় একশোর বেশি আসন পেত—কিছু তাকে ৮৪ তেই প্রেমে যেতে হল। অনেক কংগ্রেস বিধায়কই প্রণব মুখোপাধ্যায়, প্রিয়রপ্তান দাশমুপী, সোনেন মিত্র, সূত্রত মুখোপাধ্যায় ও অন্য কিছু নেতাদের উপর রুক্ট ছিলেন। তাদের ধারণা ছিল এবা সিপ্তিরম পন্ধী, সূত্রাং তরমুজ।

যুব কংগ্রেসের যেসব সদস্যরা নির্বাচিত হন তাঁদের মনতা নিজে বেছে নিয়েছিলেন। কাজেই তাঁরা মনতার প্রতি অনুগত ছিলেন। ১৯৯৮ সালের ১ জানুয়ারি 'দৃটি ফুল ও ঘাস'-এর প্রতীক নিয়ে তুলমুল কংগ্রেস আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত ও আন্ধালিক দল তিসেবে স্থাকৃত হওয়ার সালো সংশ্বা এরকম চারজন বিধায়ক কংগ্রেস পরিষদীয় দলের সালো সব সম্পর্ক ত্যাগ করেন এবং ঘোষণা করেন যে তাঁরা মমতার নতুন দলের সালো আছেন। কংগ্রেসের পরিষদীয় দলনেতা এই চার বিধায়ককে কংগ্রেস থেকে বহিমার করেন এবং ম্পিকার তাসিম আবদুল তালিমের কাছে গিয়ে দলতাগে-বিরোধী আইনে তাঁদের বিধায়কলদ খারিজ করতে বলেন। কিন্তু এঁরা সময় নন্ট করার পন্ধা অবলম্বন করেন। ১৯৯৯ সালের অক্টোবরে মমতার ইচ্ছেয় আমি যখন একটি উপ-নির্বাচন জিতে বিধায়ক তই তখন আমি এই চারজনকে ম্পিকারের নোটিশের জবাব দিতে সাহায্য করি এবং ২০০১ সালে ঐ বিধানসভা ভেঙে দেওয়া পর্যন্ত, অর্থাৎ পাঁচ বছরের মেয়াদ শেষ করা পর্যন্ত তাঁরা তাঁদের বিধায়কপদ ধরে রাখতে সমর্থ হন।

আমি শুনেছিলাম, যে-কোনো লোকই মমতা বন্দ্যোপাধ্যায়ের দেখা পান এবং তাঁর টালির চালের বাড়ি ও অফিস সবসময় লোকেই ভর্তি থাকে। আমিও একবার সুযোগ নিয়ে দেখতে চাইলাম, কারণ আমার মতো তিনি যত শীগগির সম্ভব সিপিএমের বিদায় চাইছিলেন।

সমতলে শিলিগৃড়ি থেকে গশুচালিত গাড়িতে করে অসুস্থ ব্রিটিশদের দার্জিলিং নিয়ে যাওয়ার জন্য হিলকার্ট রোড তৈরি করা হয়। স্থানীয় আদিবাসীরা ঠাভায় গাহাড়ে গিয়ে কাজ করতে রাজি হয়নি। তাই ব্রিটিশরা সস্তায় নেগালি শ্রমিকদের নিয়ে আসে। হিলকার্ট রোড তৈরি হয়ে যাওয়ার পর এই নেপালিরা অনেকেই দার্জিলিং ও কার্নিয়াং-এর চা-বাগিচায় কাজ করতে শুরু করে। গুর্মা রেজিমেন্টের নেপালি সৈনিকরা বিটিশ সেনাবাহিনীতে ১৫ থেকে ৩০ বছর কাজ করার পর দার্জিলিংয়ে স্থায়ীভাবে থাকতে শুরু করে। স্বাধীনতার পর গুর্মা রেজিমেন্টের ৫টি ব্যাটেলিয়নের মধ্যে ২টি ব্রিটিশরা ইংল্যান্ডে নিয়ে যায়, আর ৩টি ভারতের নতুন সরকারের আওতায় আসে। নেপালিরা অনেকেই পরে আসে এবং ভারা দুত সংখ্যার দিক দিয়ে পাহাড়ের আদি বাসিন্দা লেপচাদের ছাপিয়ে বায়।

পাহাড়ে আলাদা রাজ্যের দাবি প্রথম বাংলার আইনসভায় তোলেন সিপিআই নেতা রতনলাল ব্রাহ্মণ, ১৯৪৬-৪৭ সালে যখন বাংলা ভাগের কথা আলোচনা হচ্ছিল। তিনি অন্য কোনো দলের সমর্থন পাননি।

স্বাধীনতা এবং বাংলাভাগের পর দম্বর সিং গুরুং অল ইন্ডিয়া গোর্মা লিগ গঠন করেন। তাঁর মৃত্যুর পর তাঁর ভাই নর বাহাদুর গুরুং এ.আই.জি. এল.-এর নেতা হন। ১৯৬৭ সালের বিধানসভা নির্বাচনে কালিম্পং আসনে এআইজিএল প্রার্থী আর এন. দহল কংগ্রেস প্রার্থী কুমুবাহাদুর গুরুংয়ের কাছে পরাজিত হন,আমি তখন ঐ অক্সনের এসডিও -তথা -রিটার্নিং অফিসার। তবে এআইজিএল প্রার্থীরা দার্জিলিং এবং জ্যোড়-বাংলো (এখন কার্শিয়াং) থেকে জয়ী হন। ব্রিটিশ সেনাবাহিনীর প্রান্তন গুর্মা-ক্যাস্টেন, দার্জিলিংয়ের ডি.পি.রাই প্রথম যুক্তফ্রন্ট সরকারে (১৯৬৭) জায়গা গান। তিনি সিপিএমের বিরুদ্ধে প্রচন্ড সরব ছিলেন, কারণ সিপিএমের একটি কট্টর অংশই নকশালবাড়ি অভ্যুখান ঘটায়। কিন্তু দার্জিলিং লোকসভা আসনে কংগ্রেস প্রার্থী ডঃ মৈত্রেয়ী বসু জয়ী হন। ১৯৭১ সালে রতন লাল ব্রান্থণ সিপিএম প্রার্থী হিসেবে ডঃ বসুকে হারিয়ে ঐ জাসনে জেতেন, কারণ কংগ্রেস ও এআইজিএল-এর মধ্যে ভোট ভাগাভাগি হয়েছিল।

সংবিধান রচনার সময় পাহাড়ে বসবাসকারী নেপালি বংশোভৃত মানুবদের নাগরিকত্ব দেওয়া হয়েছিল। তার আগে নেপালের রাজা ব্রিভুবন বীর বিক্রম শাহ্ তাঁর প্রধানমন্ত্রী শামশের জং বাহাদুর রাগার তাড়া খেরে ভারতে চলে আসেন। নেহরু তখন শাহ্কে সিংহাসন ফিরিয়ে দেওয়ার উদ্যোগ নিয়েছিলেন। ১৯৫০ সালের ভারত-নেপাল ফ্রেন্ডশিপ চুক্তিতে ঠিক হয় বে, দু দেশের নাগরিকরা সীমান্ত পেরিয়ে মুক্তভাবে যাতায়াত করতে পারবেন এবং অন্য দেশে চাকরি, ব্যবসা ইত্যাদি করার স্বাধীনতা পাবেন, কিন্তু নাগরিকত্ব অর্ধাৎ ভোটাধিকার পাবেন না।

ব্রিভূবনের ছেলে মহেন্দ্র রাজা হয়ে বেশি-বেশি নেপালি-ভাষী মানুবকে ভারতের দিকে ঠেলার পরিকল্পনা করলেন। তাঁর এই পরিকল্পনায় নেপাল হল হাতের চেটোর মতো, যে হাতের পাঁচটি আচ্চাল হল দার্জিলিং, তরাই, ভূয়ার্স, আসামের মেঘালর অঞ্বল (যা তখনো আলাদা রাজ্য নয়) এবং অরুদাচল প্রদেশ। তিনি এ.আই.জি এল. কে উৎসাহ এবং টাকা দুই-ই দিতে লাগলেন। কিন্তু কেন্দ্র অথবা পশ্চিমবচ্চোর

কংগ্রেস সরকার পশ্চিমবক্ষা থেকে দার্জিলিংকে বিচ্ছিন্ন করার দাবিকে বিশেষ পান্তা দিল না। এআইজিএল-এর আন্দোলনও ক্রমে স্তিমিত হয়ে এল। কিন্তু ১৯৮০ সালে যখন মেঘালয়ের আদি বাসিন্দা খাসিরা হাজার-হাজার নেপালিকে মেঘালয় থেকে বের করে দিতে থাকে তখন সুভাষ ঘিসিং নামে এক অবসর প্রাপ্ত সৈনিক পাহাড়ে আলাদা রাজ্যের দাবিতে গোর্খা ন্যাশনাল লিবারেশন ফ্রন্টের (জিএনএলএফ) পতাকার তলায় হিংসাত্মক আন্দোলন শুরু করেন, আর বামফ্রন্ট সরকারের নেতা সিপিএম ঘাবড়ে যায়। মেঘালয় থেকে বিতাড়িত নেপালিরা জলপাইগুড়ি ও দার্জিলিং জেলায় আশ্রয় নেন, আর ঘিসিংও সুযোগ পেয়ে যান। তিনি সেই সময় ইউ.এন.ও এবং নেপালের রাজার সক্ষো নিয়মিত যোগাযোগ রেখেছিলেন।

সিপিএমের শুধু জ্বেলার নেতারাই নন, মন্ত্রীরাও জীবনহানির আশক্ষায় দার্জিলিং যাওয়া বন্ধ করে দেন এবং ঘিসিংয়ের দাবি মেনে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ গঠন করেন। রাজ্য সরকারের পরামর্শে ঘিসিং সংবিধানের বন্ধ তফশিল সংশোধন করার বিষয়ে রাজি হয়ে যান।

বিমল গুরুং নামে ঘিসিংয়ের এক ক্লাস ফোর পাস প্রান্তন সমর্থক আর নেপাল থেকে কয়েক বছর আগে নেপাল থেকে দার্জিলিংয়ের পাহাড়ে আসা রোশনগিরি নামে এক ব্যক্তি, আর এঁদেরই পরামর্শদাতা ললিত বাহাদুর পেরিয়ার নামে এক অবসরপ্রাপ্ত আইএএস অফিসার—এঁরা ঘিসিংয়ের থেকে লুঠের বঝরা চেয়েছিলেন। সেই বঝরা না পেয়ে এঁরা গোর্খা জনমুন্তি মোর্চা (জি.জে. এম) নাম দিয়ে গুঙাদের গোষ্ঠী সংগঠিত করলেন, তারপর ঘিসিংকে জোর কয়ে তাঁর দপ্তর থেকে উচ্ছেদ কয়ে তাঁকে দার্জিলিং-ছাড়া কয়লেন। যিসিং এখন জলপাইগুড়িতে থাকেন।

এইসব গৃণ্ডার দলকে প্রশাসনের মাধ্যমে কড়া হাতে দমন না করে সিপিএম সরকার চুপচাপ বসে রইল। আর জ্বি জ্বে এম -এর এই গুণ্ডাদের দল নিজেদের হাতে আইন তুলে নিল, চা ও পর্যটনের উপর নির্ভরশীল দান্তিলিয়ের অর্থনীতি ধ্বংস করার জন্য নৈরাজ্য সৃষ্টি করল। তারা টেলিকোন ও বিদ্যুতের বিলসহ সমস্ত সরকারি বকেয়া মেটানো বন্দ করে দিল, একের পর এক বনধ ডাকতে লাগল, গাড়ির নম্বর প্রেটের 'ডব্লু বি' অক্ষর পালটে 'গোর্খাল্যান্ড' করে দিতে লাগল।

মমতা বন্দ্যোপাধ্যায় এই সমস্যাটি পান সিপিএম সরকারের কাছ খেকে। তিনি এর কোনো ইতিহাস —ভূগোল না জেনে এবং যারা জানে তাদের কোনো পরামর্শও না চেয়ে, তাঁর প্রথম দার্জিলিং সফরে গিয়েই তড়িঘড়ি জি জেএম-এর সকো জিটিএ ('গোর্ষা টেরিটোরিয়াল আডমিনিস্টেশন) চুক্তি সই করে এলেন। এই চুক্তিতে সইয়ের কালি পুরোপুরি শুকিরে যাওয়ার আগেই বিমল গুরুং ঘোষণা করলেন বে সম্পূর্ণ তরাই ও ভুয়ার্স নিয়ে পৃথক গোর্ষাল্যাভ রাজ্যের দাবিতে শিলিগুড়ি ও জলপাইগুড়িতে তাঁর আলোলন শিগগিরই শুরু হবে—সে কারণেই মমতার সলো চুক্তিতে তিনি সই না করে রোশন গিরিকে পাঠিয়েছিলেন।

মমতা বন্দ্যোপাধ্যায় ভূলে গিয়েছিলেন যে নেপাল এখন প্রায় পুরোপুরি মাওবাদীদের হাতে, যে মাওবাদীরা চিনের থেকে টাকা ও অস্ত্রশস্ত্র পাচছে। আর নেপালের মাওবাদীরা ইতিমধ্যেই বিহার করিডোর দিয়ে ভারতের মাওবাদীদের সঙ্গো ঘনিষ্ঠ যোগাযোগ তৈরি করেছে। জিটিএ নেপালি মাওবাদীদের ক্রীড়াক্ষেত্র হয়ে উঠবে এবং প্রায় খরগোশের মতো জন সংখ্যা বৃদ্ধি করার কারণে ও এখন নেপাল থেকে আরো বেশি বে-আইনী অভিবাসনের কারণে নেপালিরা কিছুদিনের মধ্যেই সংখ্যায় তরাই ও ভুয়ার্সের আদিবাসীদের ছাপিয়ে যাবে। তারপর তারা শুধু অভিবাসনের মাধ্যমে বিহার, বাংলা, আসাম ও অবর্ণাচল প্রদেশের বহু অঞ্বলে তাদের প্রভাব বিস্তার করতে পারবে।

মমতা অবসর প্রাপ্ত বিচারপতি শ্যামল সেনের নেতৃত্বে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চারজন অফিসার ও জিজেএম-এর চারজন প্রতিনিধিকে নিয়ে একটি কমিটি করেছেন। এই চার অফিসার কমিটির কোনো মিটিংয়ে যাওয়ার সময়ই পান না। আর এই চারজন জিজেএম প্রতিনিধি কমিটির রিপোর্ট ঠিক করে দেবেন। আর কোনো দল বা আদিবাসী বিকাশ মঞ্জের মতো কোনো সংগঠনকে কমিটিতে ডাকা হয়নি। শ্যামল সেনকে আমি খুব কাছ থেকেই চিনি। তিনি খুব দৃঢ়চেতা নন।

জিজেএম ইতিমধ্যেই আদিবাসী বিকাশ মঞ্জের মধ্যে জন বারলা নামে এক মিরজাফর অথবা যোগেন মঙলকে পেরে গেছে, তাকে ঘূষ খাইরে ভূয়ার্সে নৈরাজ্য তৈরি করতেও সমর্থ হয়েছে—কিছুদিন আগে শ্যামল সেন কমিটির উপর চাপ সৃষ্টি করতে জিজেএম যখন বনধ ডাকে তখন ভূয়ার্সের বিভিন্ন জায়গায় দাশা বেঁধে যায় । পুলিশ সে সময় নীরব দর্শকের ভূমিকা পালন করে।

মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর নিজের জালে নিজেই জড়িয়ে পড়েছেন। তিনি হয়তোঁ গোর্খাল্যান্ড দিতে গিয়ে আবার রাজ্য ভাগ করে আরেকজন কার্জন বা মাউটব্যান্টেন হয়ে উঠবেন, আর তার ফলে দেশে আরো অনেক সমস্যার সৃষ্টি হবে।

মমতা বন্দোপাধ্যায়ের জিটিএ মঞ্জুর করার সিন্দান্তে আমার সে-ই উন্তিটির কথা মনে পড়ে যায় "Fools rush in where angels fear to tread."

## আঠের

## বাংলাদশের সঙ্গো তিস্তা জলচুক্তি স্বাক্ষরিত হতে দেরি হওয়া দুদেশের পক্ষেই বিপজ্জনক।

ভারতের প্রধানমন্ত্রীর সক্ষো বাংলাদেশ সফরে যেতে রাজ্ঞি না হয়ে মমতা বাংলাদেশের ভারত-পন্থী শেখ হাসিনা সরকারের পক্ষে গুরুতর সমস্যার সৃষ্টি করেছেন। যার ফলে বাংলাদেশে পরবর্তী নির্বাচনে হাসিনার সরকার পড়ে যেতে পারে এবং চিনা ড্রাগন ভারতে সমস্যার সৃষ্টি করতে পারে।

তিন্তার প্রায় ৩০০ কি.মি. এলাকা সিকিম, পশ্চিমবঙ্গা ও বাংলাদেশের মধ্যে সমানভাবে বিভক্ত—প্রত্যেকের অংশে ১০০ কি.মি। সিকিম ভিন্তায় কিছু জলবিদ্যুৎ প্রকল্প করার পরিকল্পনা নিয়েছে। রাজ্য সরকার উত্তরবজ্ঞার দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার ও উত্তর দিনাজপুরে তিন্তা নদী (তার শাখানদীগুলি সহ) উপত্যকা প্রকল্প হাতে নেয়, রাজ্যের আশা ছিল কেন্দ্রের কাছ থেকে বড়ো অক্ষের আর্থিক সহায়তা পাওয়া যাবে। প্রাথমিক কাজকর্ম শুরু হয় ছয়-এর দশকে। আমি ১৯৬৯ সালের অগাস্ট থেকে ১৯৭১ সালের এপ্রিল পর্যন্ত উত্তরবজ্ঞার সার্ভে আন্ত সেট্লমেন্ট অফিসার হিসাবে নিযুক্ত ছিলাম তখন আমার অন্যতম দায়িত্ব ছিল সেচ দণ্ডরের ইঞ্জিনিয়ারদের মৌজাগুলির মানচিত্র সরবরাহ করার। এই প্রকল্পের কাজ্ক অর্থেকও অর্থাভাবের জন্য দেরি হতে থাকে। প্রায় ৩০ বছর পরেও প্রকল্পের কাজ্ক অর্থেকও শেব হয়নি।

বাংলাদেশ শুধুমাত্র শৃষ্ক মরসুমে নদীর জলের অর্থেক দাবি করেছে। পশ্চিমবজ্ঞা সরকার বদল হওয়ার আগেই ভারত সরকারের জলসম্পদ মন্ত্রক বাংলাদেশের সজো জলচুন্তির কাজ প্রায় সেরে ফেলেছিল। নতুন মুখ্যমন্ত্রী মমতা দেখলেন যে বাংলাদেশ সরকারের বিষয়টি যাই হোক, কেন্দ্রীয় সরকারকে নাচানোর এ-ও এক অন্ত্র। আমি নিশ্চিত যে এই গুরুত্বপূর্ণ বিষরটি সম্পর্কে তাঁর কোনো ধারপাই নেই। তিনি এর আগে এ ব্যাপারে কোনো আগ্রহ দেখাননি।

তিনি আরো সময় চাইতেই পারতেন, এবং তার সক্ষেই আমাদের প্রধানমন্ত্রীর সক্ষী হিসেবে বাংলাদেশ সফরে যেতে পারতেন। তিনি বোঝেননি যে শেখ হাসিনা তাঁর বাহ্যিক মুখভিঙ্গি ও হাসির আড়ালে মমতার অসৌজন্যের ফলে কতটা চোট গেয়েছেন। মমতা বোঝেন না যে আমাদের গোটা দেশের জন্য শেখ হাসিনার বাংলাদেশে ক্ষমতায় পাকা কতটা জরুরি। এখন মমতার এই কাজের ফলে শেখ হাসিনা বিপদে পড়েছেন। প্রায় মৃত বেগম খালেদাব বিএনপি এবং গোলাম আজমের ইসলামিক জামাত পান্তি হাতে অস্ত্র পেয়ে গোছে। এই দলগুলি বনধের পর বনধ ডাকছে, দালা সংগঠিত করছে যাতে মূলত হিন্দুবা আক্রান্ত হচ্ছেন এবং অন্যান্য দুষ্তকর্ম চালাছে। এই দলগুলি খোলাখুলিভাবে চিনের মদতপুষ্ট। ওদেশে নির্বাচন হতে আর দু বছরও বাকি নেই।

ভিন্তা ভলচুত্তি পিছিয়ে যাওয়ায় শেখ হাসিন্ধু আমাদের যে সমস্ত দবি মধ্বর করা খেকে বিরত থাকতে বাধ্য হয়েছেন, সেগ্রুলি হল—(১) মূলত চিটাগাং-সহ বাংলাদেশের অন্যান্য বন্দর ব্যবহার, (২) এই বন্দরগুলি থেকে এবং পর্যন্ত স্থলপথে যাত্যয়াতের রান্তা, (৩) পশ্চিমবজা ও ত্রিপুরাকে যুক্ত করতে করিভর, (৪) আসাম ও পশ্চিমবজা গ্যাস সরবরাহ, (৫) ভারতীয় কোম্পানিগুলির বাংলাদেশে বিনিয়োগ এবং (৬) সর্বশেষে দুদেশের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি।

গত ১ এপ্রিল ভারত সরকারের প্রান্তন সচিব, কাঁথির প্রান্তন তৃণমূল সাংসদ (১৯৯৯-২০০৪) এবং বর্তমানে প্রতিমন্ত্রীর মর্যাদাপ্রাপ্ত ভারত সরকারের অন্যতম উপদেখ্য ভঃ এন. কে. সেনগুপ্ত শেখ হাসিনাকে সৌজন্য জানাতে ফোন করেন। সে সময় শেখ হাসিনা তাঁর মনোভাব খুলে বলেন। তিনি বলেন বে, মমতা সময় নিতে পারতেন, কিন্তু ভারতীয় প্রধানমন্ত্রীর সক্ষো বাংলাদেশে আসা তাঁর উচিত ছিল, তাছাড়া শেষ মুহুর্তে ঢাকা আসছেন না জানিয়ে শেখ হাসিনা সরকারকে অপ্রস্তুতে ফেলারও কোনো দরকার ছিল না।

মমতা মোটেই বুঝতে পারছেন না যে বাংলাদেশের ভারতকে যতটা প্রয়োজন, ভারতের বাংলাদেশকে তার চেয়ে ঢের বেশি প্রয়োজন। শেখ হাসিনার আওয়ামি লিগ ক্ষমতায় থাকাকালীন যদি ভারত বাংলাদেশের সক্ষো বন্দুত্ব বাড়াতে না পারে তবে বিএনপি জামাত জোট, যদি তারা পরবতী নির্বাচনে ক্ষমতায় আসে, হিন্দু ভারতকে পৃষ্ঠ প্রদর্শন করে চিনের সক্ষো বন্দুত্ব করবে—তাদের নেতারা এ বিষরে কিছুই গোপন করেননি। চিনের সক্ষো সক্ষোই আসবে পাকিস্তান, আইএসআই, পাকিস্তানি ও ভারতীয় সম্রাসবাদী এবং সর্বোপরি, ভারতের মাওবাদীরা। ভূলদে চলবে না যে শেখ হাসিনা বাংলাদেশে লুকিয়ে থাকা কে.এল.ও. ও উলফা জ্বিভাদের ভারতের হাতে তুলে দিয়েছেন এবং বাংলাদেশে আইএসআই-এর খোলাখুলি কাজ করার পরিকল্পনা প্রায় ভেস্তে দিয়েছেন।

তিস্তার জল আমাদের দরকার, কিন্তু তার চেয়ে অনেক বেশি দরকার বাংলাদেশে হাসিনার ভারত-পর্ন্দী সরকার। বাংলাদেশে হাসিনার সরকার ফেলতে সাহায্য করবে এমন কিছু আমরা করতে পারি না। কারণ তা ভারতের পক্ষে বিপক্ষনক হবে, পশ্চিমবজ্যের পক্ষে আরো বিপজ্জনক হবে।

আমাদের ভূললে চলবে না যে বাংলাদেশে এখনো দু কোটি হিন্দু বাস করে। বিএনপি জামাত সরকার যদি সেখানে ক্ষমতায় ফিরে আসে তবে তাঁদের মধ্যে অনেককে হত্যা করা হবে, আর লাগ-লাগ হিন্দু পশ্চিমবন্ধে ফিরে আসা ছাত্রা অন্য কোনো উপায় থাকবে না। কিএনপি-জানাত সরন্ধার হয়তো সংখ্যালম্ব প্রধান মুর্লিনবাদ, মানদা আর উত্তর দিনাজপুর জেলার, উত্তর চিকিশ পরগনার বসিরপ্রট সাব-ভিভিশন ও বারাসাত সাব-ভিভিশনের সীমান্তবতী এলাকার সংখ্যালম্ব সম্প্রালয়ের একটি অংশের কাছে আকর্ষদের কারণ হতে পারে। ভুললে চলবে না বে পত বছর সেপ্টেম্বরেই উত্তর চবিবশ পরগণার বিভিন্ন অঞ্চলে দাশ্যা হত্তে গেছে, যার ফলে হিন্দুরা সংখ্যালম্ব এমন অনেক অঞ্চলে দুর্গাপুজো বন্ধ রাখতে বাধ্য হত্ত্ব।

বাংলাদেশের বিদেশমন্ত্রী দীপু মণি গত ৭ মে রবীন্দ্রনাধের ১৫১ তম জ্বানিবস উদযাপন উপলক্ষে নিউ দিল্লি আসেন, আমাদের উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও অন্যান্য বিশিউদের সক্ষো তিনি একই মঞ্চে উপস্থিত ছিলেন। সে সমর তিনি স্পাইতাহার আমাদের বিদেশমন্ত্রী ও জল সম্পদ মন্ত্রীকে মনে করিয়ে দেন যে তিস্তা জ্বাচুত্তি স্বাক্ষরিত হতে আরো দেরি হলে শেখ হাসিনার সরকারও গুরুতরভাবে ধারা বাবে এবং তার পুরো সুবিধা পাবে বেগম খালেদা, চিন ও পাকিস্তান।

ভারতবর্ষের সংবিধান রচনা করেন 'ভারতবর্ষের জনগণ', পশ্চিমবজ্যের জনগণ, আসামের জনগণ, উড়িষ্যার জনগণ, পাঞ্চাবের জনগণ কিবো ভামিলনাভুর জনগণ নন। সংবিধানে 'বিদেশ' পুরোপুরিভাবে কেন্দ্রীয় তালিকাভুত্ত। কেন্দ্রে যদি কোনো শক্তিশালী সরকার থাকত তবে সেই সরকার বাংলাদেশের সঙ্গো তিন্তা জলচুক্তি করা সম্পর্কে মমতার স্বশ্বমেয়াদী ওজ্জর-আগত্তি অনায়াসে উড়িয়ে দিতে পারত।

এই চুক্তি ফুত স্বাক্ষরিত হলে সামপ্রিকভাবে ভারতবর্ষ এবং বিশেষভাবে পশ্চিমবচ্চা ও বিপুরা অনেক স্থায়ী সূবিধা পাবে, যা তিন্তার জল ভাগ ছালিয়ে বাবে। কলকাতা হরতো পূর্ব এশিয়ার অর্থনৈতিক উয়য়নের নতুন কেন্দ্র হয়ে উঠবে। ভূললে চলবে না সু-কি-র নেতৃত্বে মায়ানমারের নবোদিত গণতাত্ত্বিক সরকার এই অব্বলে শিগগিরই গুরুত্বপূর্ব শক্তি হয়ে উঠবে, দেশটির হাতে প্রচুর খনিজ্ব সম্পদ ও সামুদ্রিক পণ্য আছে—আর ইয়াভান (মায়ানমারের রাজধানী) খেকে দিয়ি বাওয়ার রাভা শৃধুমাত্র কলকাতার উপর দিয়েই বায়।

তিন্তার জ্বল দু দেশেই আগুন জ্বালাতে পারে এবং সেক্ষেত্রে পশ্চিমবর্জাই সবচেয়ে বেশি কৃতিগ্রন্থ হবে। বাংলাদেশকে তিন্তার কিছুটা জ্বল বেশি দিলে আমাদের বিশেষ ক্ষতি হবে না, কারণ উত্তর বক্ষো তিন্তার কমান্ড এরিয়ার ভূগর্ভস্থ জ্বলের সম্বন্ধ প্রচুর এবং তা সবসমন্ন তিন্তা, তোর্সা, মহানন্দা ইত্যাদি নদীগুলি পূরণ করে, কারণ এখানে মাটির উপরের ন্তর প্রচুর রক্ষ বিশিষ্ট। কিছু তিন্তার জ্বল না দেওয়ার ফলে দীর্ঘমেয়াদে আমাদের অনেক বেশি ক্ষতি হবে।

## উনিশ

## সন্টলেকের প্লটগুলিকে নিম্কর করে দেওয়ার বিপজ্জনক সরকারি পদক্ষেপ

আমি গত ৪ মার্চ 'দ্য স্টেট্সম্যানে'-সাংবাদিক অনিন্দিতা চৌধুরীর রিপোর্টে সন্টলেকের নিজ দেওয়া জমিগুলি নিম্বর করে দেওয়ার সরকারি পদক্ষেপের কথা পড়ে বিক্ষিত হয়েছি। যদি একাজ করা হয় তবে জ্যোতি বসু মাননীয় সুপ্রিম কোর্টের নির্দেশ লচ্ছান করে তাঁর ঘনিষ্ঠদের খেয়ালখুশি মতো জমি দিয়ে যে অপরাধ করেছেন, বর্তমান মুখ্যমন্ত্রী শুধু তাকে চাপা দেওয়ার অপরাথেই অপরাধী হবেন না, তার সচ্গে তাঁর কাজের ফলে ভাঃ বিধানচন্দ্র রায় কবরে পাশ ফিরে শোবেন।

মুখ্যমন্ত্রী কী জানেন না যে কী উদ্দেশ্যে বিধান রায় সল্টলেক সিটি প্রতিষ্ঠা করেন ? এমন কারুর সঙ্গো কি তিনি আলোচনা করেননি যাঁরা সেকথা জানেন ? যাঁরা তাঁকে বলবেন যে পশ্চিমবঙ্গা আইনসভার (১৯৬২-৬৭) (সে সময় বিধান পরিষদ ছিল) এস্টিমেট কমিটির ২৬ তম রিপোর্ট, যা ১৯৬৫ সালে প্রফুল্লচন্দ্র সেন মুখ্যমন্ত্রী পাকাকালীন প্রকাশিত হয়, সেই রিপোর্টে সরকারে পরামর্শ দেওয়া হয় বিধান রারের আগেকার সিন্ধান্তগলি মেনে চলতে, অর্থাৎ —(১) আবাসিক প্লট (মাত্র ২ কাঠা করে) ই.ডব্র. এস. ও এল.আই. জি বর্গের লোকেদের মধ্যে বন্টন করা হবে, (২) ৩ থেকে ৪ কাঠার প্লটগুলি এম. আই.জি বর্গের লোকেদের দেওয়া হবে, (৩) তার থেকে বড়ো আয়তন বিশিষ্ট প্লটগুলি শুধুমাত্র হাউজিং কোঅপারেটিভ সোসাইটিগুলিকে দেওয়া হবে, যে সোসাইটিগুলি এলআই.জি ও এম. আই.জি বর্গের অন্তত ৮ জনকে নিয়ে গঠিত হবে। সেই সময় অমৃতবাজার ও আনন্দবাজার পত্রিকায় যে বিজ্ঞাপন দেওয়া হয় সেখানে শুধুমাত্র বিভিন্ন আয়তনের প্লট পাওয়ার যোগ্যতা হিসেবে বিভিন্ন আয়-বিশিষ্ট বর্গের কথাই বলে দেওয়া হয়নি, আরো দুটি শংসাপত্রও চাওয়া হয়েছিল— (১) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থেকে আয়ের শংসাপত্র এবং (২) তৎকালীন সি.এম.ডি.এ, বর্তমানে কে.এম.ডিএ এলাকায় কোনো জমির মালিকানা না-থাকার শংসাপত্র i ডাঃ বিধান চন্দ্র রায় যখন সন্টলেক সিটি নির্মাণের কথা ভাবেন তখন তাঁর মাথায় ছিল শুধুমাত্র বাঙালিদের কথা, বিশেষ করে তৎকালীন পূর্ব পাকিস্তান থেকে আসা উদান্তদের কথা।

১৯৬৫ সালের শেষের দিকে সেক্টর-ওয়ানের নির্মাণ শেষ হয়ে গিয়েছিল, আবেদনপত্র চেয়ে বিজ্ঞাপনও দেওয়া হয়েছিল। কিন্তু খুব বেশি লোক ওদিকে যান নি, কারণ বালির উপরে নির্মিত বাড়ির স্থায়িত্ব নিয়ে লোকের মনে সন্দেহ ছিল। রাজ্যপাল ধরমবীর ১৯৬৮ সালে বিদ্যাসাগর কো-অপারেটিত হাউজিং সোসাইটির শিলান্যাস করেন। এই সোসাইটি তৈরি করেন মূলত কলকাতা বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন কলেজের অধ্যাপকরা। যখন ঐ অঞ্চলে তিনতলা বাড়িগুলি উঠতে লাগল তখন বহুলোক সরকারি প্রশাসকের (সেচ দপ্তরের প্রান্তন ইঞ্চিনিয়ার) কাছে নিয়মমাফিক আবেদনপত্র পাঠাতে লাগলেন। আইন অনুযায়ী এই প্রশাসকই একমাত্র কর্তৃপক্ষ বিনি আবেদনপত্রগুলি খতিয়ে দেখবেন এবং যোগ্য ব্যক্তিদের জন্য প্রট বরাদ্দ করবেন। ১৯৭২ সালে সন্টলেকে এআইসিসি-র অধিবেশন হওয়ার পর এবং সেখানে ইন্দিরা গান্ধীর অস্থায়ী বসবাসের জন্য ইন্দিরা ভবন নামে একটি বড়ে ছাওয়া বাড়ি নির্মিত হওয়ার পর, প্রয়োজনীয় শংসাপত্র-সহ বিধিসক্ষত আবেদনপত্র পাঠানোর ধুম পড়ে গেল।

প্রফুল্লচন্দ্র সেন বা সিন্ধার্থ শব্দর রায় কখনো সন্টলেকে জমি বন্টনের ক্ষেত্রে হস্তক্ষেপ করেননি, অথবা কোনোভাবে কোনো সুপারিশও করেননি। তাঁরা সং মানুর ছিলেন। একজন গৃহহীন অবস্থায়, অন্যের দানের উপর নির্ভর করে, অনেক ক্ষুধার্ত দিন-রাত্রি কাটিয়ে মারা যান। আরেকজন ব্যারিস্টার হিসেবে তাঁর নিজ্ঞের ক্ষমতায় কোটিপতি ছিলেন। রামফ্রন্ট যখন অপ্রত্যাশিত ভাবে ক্ষমতায় চলে আসে (—যা ঘটেছিল মূলত জনতা দলে প্রফুল্ল সেনের কিছু সন্সার ভূল পরামর্শের ফলে)—তখন সৈক্টর-ওয়ানের প্রায় সমস্ত প্লট সরকারি প্রশাসকের মাধ্যমে সঠিকভাবে ও আইনী পন্ধতিতে বন্টিত হয়ে গেছে, সেক্টর টু ও প্লি-র প্লটগুলি বন্টনের জন্য প্রায় তৈরি এবং প্লটের চাহিদাও প্রচুর।

বামফ্রন্ট সরকারের বিভাগীয় (নগরোয়য়ন দপ্তর) মদ্রি প্রশান্ত শূর প্রথমেই একটি প্রট বন্টন কমিটি করে দিলেন, সেই কমিটিতে ছিলেন সূভাষ চক্রবর্তী, যিনি তখনো পর্যন্ত শূর্ই বিধায়ক, মুখ্যমন্ত্রী জ্যোভি বসুর আপ্ত সহায়ক জয়কৃয় ঘোষের ভাই হরেকৃয় ঘোষ এবং সরকারি প্রশাসক, যিনি এই কমিটির সম্পাদক। তখন এমন হল যে, কমিটির সদস্যরা পকেট থেকে ম্লিপ বার করে যাঁদের নাম সুপারিশ করতেন শূর্যমাত্র তাঁরাই প্লট পেতেন। একথা সবাই জানত যে সুপারিশ করার আগে কমিটির প্রত্যেক সদস্য আবেদন্রুরীর কাছ থেকে সুপারিশ করা প্লটের যা দাম, তার সমান অঞ্চের টাকা ঘূষ নিচ্ছেন, যে টাকার একটি অংশ পেতো সিপিআই(এম) দল। এমনকী পার্টির নির্দেশ অনুযায়ী লটারির মাধ্যমে এবং কো-অপারেটিভ সোসাইটিগুলির প্লট বন্টনের ক্ষেত্রেও কলকাঠি নাড়া হত।

সমস্ত প্রক্রিয়াটি বন্ধ হয়ে গেল যখন ১৯৮৭ সালের বিধানসভা নির্বাচনের আগে মিদ্র প্রশান্ত শূর মূলত অবাঙালি ব্যবসায়ীদের ১৮০ টি প্লট দিলেন, অবশাই তাঁর দল সিপিআই(এম)-এর জন্য প্রচুর চাঁদা এবং নিজের জন্য আলাদা করে বড়ো অক্টের টাকার বিনিময়ে। তাঁর ছেলে রঞ্জিত শূর বাবার হয়ে ঐ টাকা সংগ্রহ করেন। প্রশান্তবাবু নির্বাচনের পর বিধানসভায় একথা স্বীকার করতে বাধ্য হন এবং তাঁর লোভনীয় মিদ্রিঘটি হারান। তাঁর জায়গায় ঐ মন্ত্রকে আনা হয় বৃন্ধদেব ভট্টাচার্যকে। যিনি ব্যক্তিগতভাবে সং বলে পরিচিত ছিলেন। কিন্তু তাঁকেও তাঁর পার্টি ব্যবসায়ীদের প্লট দিতে বাধ্য করেছিল। ১৯৭৭ থেকে ১৯৮৭ পর্যন্ত ২৫ শতাংশ প্লট আলাদা কোটায় সংরক্ষিত ছিল, এই প্লটগুলি শুধুমাত্র মন্ত্রীর ইচ্ছায় বণ্টিত হত। বৃন্ধদেব ভট্টাচার্য যখন কার্যত পুলিশমন্ত্রী হয়ে যান সেই সময় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত কিছুদিন এই মন্ত্রকের দায়িত্বে ছিলেন। তিনিও, সম্ভবত চাঁদা তোলার জন্য, কিছু অবাঙ্খলি ব্যবসায়ীদের জমি দেন।

১৯৮৬ সালের জুন মাসে সন্টলেক ওয়েলফেয়ার সোসাইটি (আবাসিকদের) হাইকোর্টে একটি রিট্ পিটিশন দাখিল করে। পিটিশনে অভিযোগ করা হয় যে সন্টলেকের মাস্টার প্ল্যানে বিকৃতি ঘটিয়ে পার্ক, সবুজ ক্ষেত্র ইত্যাদির থেকে বেশি বেশি করে আবাসিক প্লটের জন্য জমি নিয়ে নেওয়া হচ্ছে, উদ্দেশ্য মন্ত্রীদের হাত দিয়ে প্লট বন্টন করা। বিচারপতি ভগবতী প্রসাদ বন্দ্যোপাধ্যায় ১৯৮৬-র ৭ জুন থেকে প্লট বন্টনের উপর নিষেধাজ্ঞা জারি করেন। কিন্তু এক সপ্তাহের মধ্যে অজুতভাবে তিনি অ্যাডভোকেট্ জেনারেলের মৌখিক অনুরোধে নিষেধাঞ্জা তুলে নেন এবং প্লট বন্টনের সম্পূর্ণ ক্ষমতা মুখ্যমন্ত্রীর হাতে তুলে দেন। সন্টলেক ওয়েলফেয়ার সোসাহিটি এরপর এ বিষয়ে শুনানির জন্য একাধিক উদ্যোগ নেয়, কিন্তু প্রতিবারই তারা স্বয়ং বিচারপতির বাধার সম্মুখীন হয়। বিচারপতি নিজেই তাঁর নিজের মঞ্চুর করা মুখ্যমন্ত্রীর বিশেষ কোটায় আবেদন করেন এবং ঐ কোটায় প্রথম জমি পান. যা বিচারপতিদের জন্য নির্দিউ করা ব্যবহার বিধির সম্পূর্ণ লচ্মন। এরপর ঐ বিষয়ের ফাইল হারিয়ে যায় এবং প্রায় ১০ বছর সেই অবস্থাতেই থাকে। সন্টলেকের বড়ো রাস্তাটি সেন্টাল পার্কে ধারু। খেয়ে যেখানে বাঁদিকে ঘুরছে তার দক্ষিণ-পশ্চিম কোণের কাছের সবুজ অংশ জমি নেওয়া হয় এফডি ৪৫২ প্লটটির জন্য। এই এফ ৪৫২-র বিরটি প্লটটিকে চারভাগে ভাগ করে সেরা কর্নার প্লটটি দেওয়া হয় মুখ্যমন্ত্রীর দুই শ্যালকের মধ্যে বড়োজন, 'ক্লাস ফাইভ পর্যন্ত পড়া' সুবিমল বসু ওরফে বিমল বসুকে, অর্থাৎ মুখ্যমন্ত্রীর দিতীয় স্ত্রী কমল বসুর ভাইকে। তিনি মদ্যপ ছিলেন, ৫৫বি হিন্দুস্থান পার্কে মুখ্যমন্ত্রীর পরিবারের সঙ্গো থাকতেন এবং নিজে তিনি কপর্দকশূন্য ছিলেন।

সেইসময় তিনি বকৃতের ক্যালারে আক্রান্ত হয়ে মৃত্যুর থেকে মাঞ্জ কয়েক্দিন
দূরে, এসএসকেএম হাসপাতালে শয্যাশায়ী ছিলেন। তিনি মৃত্যুর ঠিক আগে
রেজিস্ট্রিকৃত উইলে এফডি ৪৫২ ডি নম্বর প্লটিটি মুখ্যমন্ত্রীর একমাত্র ছেলে শৃভত্রত
ওরফে চন্দন বসুকে দিয়ে যান। যদিও সিএফ-৩৯৯ নম্বর প্লটে চন্দন বসুর একটি
সাড়ে তিনতলা প্রাসাদোপম বাড়ি ছিল, যে বাড়ির একতলার ম্যাজেনাইন ফ্রোরটি
ভূগর্ভস্থ। সেই সময় মুখ্যমন্ত্রী সিএফ ৩৯৯ তে তাঁর ছেলের বাড়ির কাছাকাছি
থাকার জন্য ইন্দিরা ভবনে চলে এসেছেন। পরবর্তীকালে চন্দনের সক্ষো তাঁর স্ত্রী
ডিলির বিবাহবিচ্ছেদ হয়ে যায়, কারণ ডলির পায়েল, কোয়েল ও দোয়েল নামে
তিনটি মেয়ে হয়েছিল, কোনো ছেলে হয়নি, বিবাহ বিচ্ছেদের দলিলে চন্দন সিএফ

৩৯৯-এর বাড়িটি ডলিকে উপহার দেন। এরপর চন্দন পায়েলের এক বাশ্ববীকে বিয়ে করেন। তিনি দমদম বিমানবন্দরের কর্মী ছিলেন এবং পরবর্তীকালে এই মহিলা পঞ্চান বছরের স্বামীকে একটি ছেলে উপহার দেন। ততদিনে চন্দন এফ ডি ৪৫২-তে সাদা মার্বেল পাথরের তিনতলা বাড়ি করে ফেলেছেন, যে বাড়ি থেকে সেন্ট্রাল পার্কে নেতাজির মূর্তিটি প্রায় ছোঁয়া যায়।

এফডি ৪৫২-এর আরেকটি সাবপ্লট দেওয়া হয় মমতাজ্ব আমেদের ন্ত্রীকে। বেশাল চেম্বার অফ কমার্সের এই সভাপতির বাড়িতে প্রান্তন মুখ্যমন্ত্রী নৈশভোজে গিয়ে তাঁর রন্থন দক্ষতায় খুশি হয়েই তাকে প্লটটি দিয়েছিলেন, যেটি এখন প্রচুর টাকার বিনিময়ে আরেকজনকে বেআইনীভাবে হস্তান্তর করা হয়ে গেছে।

যাই হোক মুখ্যমন্ত্রী সবৃক্ত ক্ষেত্র, পার্ক ইত্যাদি থেকে জমি নিয়ে এরকম ২০০টি-র বেশি প্রট বন্টন করেছিলেন। এর মধ্যে আছে সেক্টর-টু-তে একটি পার্কের অর্থেক, যা দেওয়া হয়েছিল জয়কৃয়্ব ঘোষের স্ত্রী দেবযানীকে। পাঁচতারা ইংলিশ মিডিয়াম স্কুল তৈরির জন্য, যে স্কুলের উদ্বোধন করেন রাজ্যপাল। শিক্ষামন্ত্রী কান্তি বিশ্বাস বামফ্রন্ট সরকারের নীতি অনুযায়ী কোনো ইয়রেজি মাধ্যম স্কুলকে অনুমোদন দিতে অস্বীকার করেন, কিন্তু জ্যোতি বসু তাঁকে বাধ্য করেন। এর আগে দেবমানী ঘোষ তাঁর স্বামীর সল্টলেকের বাড়ির একতলায় বেআইনীভাবে একটি বাচ্চাদের স্কুল চালাচ্ছিলেন। এই নতুন স্কুলটি ব্যবসায়ীদের দেওয়া লাখ-লাখ টাকা চাঁদায় তৈরি হয়। মুখ্যমন্ত্রীর এ ধরনের বেআইনী কার্যকলাপের বিরুম্বে অ্যাডভোকেট অরুণাভ ঘোষের রিট পিটিশন তখন থেকেই হাই কোর্টে গড়ে আছে।

১৯৯৫ সালে 'কমন কল্ব" বলে এক সংস্থা, যার সম্পাদক ছিলেন অর্ণ দৌরির বাবা, তাঁরা সূপ্রীম কোর্টে রাজীব গান্ধীর আমলের পেট্রোলিয়াম মন্ত্রী সতীশ শর্মা 'বেআইনীভাবে' পেট্রলপাম্প প্রিয়জনকে দিয়েছেন এবং নগরোরয়ণ মন্ত্রী শীলা কল বেআইনীভাবে দিল্লিতে সরকারী আবাসন ও দোকানঘর প্রিয়জনদের দিয়েছেন—এই অভিযোগে দুটি মামলা করেন। বিচারপতি কুলদীপ সিংহ তাঁর রায়ে দুই মন্ত্রীকেই দোয়ী সাব্যস্ত করে প্রথমজনকে ৫ লক্ষ ও বিতীয়জনকে ৬০ লক্ষ টাকা জরিমানা করেন এবং তাঁদের দুজনেরই বিরুদ্ধে সিবিআইকে মামলা দায়ের করতে বলেন।

এই মামলার রায়ে বলীয়ান হয়ে কলকাতা হাইকোর্টের এ্যাডভোকেট অরুণাভ ঘোষ পৌরসভার কাউন্সিলর তারক সিংয়ের হয়ে সন্টলেকে অবৈধভাবে জমি বন্টনের দায়ে মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর বিরুদ্ধে এক রিট পিটিশন দাখিল করেন বিচারপতি পিনাকী ঘোষের আদালতে। সব কাগজপত্র দিয়ে তাঁকে আমি সাহায্য করি ১৯৯৭ থেকে ১৯৯৯ সালের ফেব্রুয়ারী পর্যান্ত মামলা চলে। আমারই বেয়াই নরনারায়ণ গুপ্ত ৪৪ দিন সপ্তরাল করেও জ্যোতি বসুকে বাঁচাতে পায়েননি। বিচারপতি ঘোষ জ্যোতি বসুকে তীত্র তিরন্ধার করে তাঁর সমন্ত ক্ষমতা বাতিল করে দেন। কিন্তু তিনি তাঁর দেওয়া জমি মালিকদের কোন শান্তি দেননি, ত্রুটিটা তাঁর নয়, আমাদেরই।

বোঝা যাচ্ছে যে পরবর্তী পঞ্চায়েত নির্বাচনে শুধু সরকারের দুই শরিকের সংঘর্ষে প্রচুর রক্তপাতই হবে না, অনেক পঞ্চায়েতে বামফ্রন্টের প্রার্থীরা লাভবান হবেন।

- (৪) সংখ্যালঘু সম্প্রদায়ের দিকে সরকারের বিপজ্জনক ঝোঁক এবং মসজিদের ইমাম ও মুয়াজ্জিনদের জন্য ভাতার দেওয়ার মতো পদক্ষেপ ঘোষণা, সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য চাকরি ও শিক্ষাক্ষেত্রে প্রস্তাবিত সংরক্ষণ, যা সম্পূর্ণ অসাংবিধানিক, এছাড়াও সেই সব থারিজি (শ্বীকৃতি প্রাপ্ত নয়) মাদ্রাসাগুলিকে সরকারি স্বীকৃতি দেওয়ার প্রতিশ্রুতি যেখান থেকে ধর্মান্দ ইসলামি মৌলবাদী ও শেষমেষ ইসলামী সন্ত্রাসবাদীদের জন্ম হয়, এই সিন্ধান্তটিও শেষ পর্যন্ত হাইকোর্ট অসাংবিধানিক বলে ঘোষণা করতে পারে।
  - (৫) সিচ্চারের জমির মামলায় তড়িঘড়ি এমন একটি আইন করা হয় যা ইতিমধ্যেই হাইকোর্টে বাতিল হয়ে গেছে, পরাজিত পক্ষ নিঃসন্দেহে আবার সৃপ্রিম কোর্টে যাবে এবং তার ফলে গোটা বিষয়টি নিয়ে অচলাবস্থার সৃষ্টি হয়েছে।
  - (৬) বাজেট-বহির্ভূত খাতে ব্যয় করার সরকারি প্রবণতা, যার ফলে আরো আর্থিক এবং আইনী জটিলতার সৃষ্টি হবে, যেমন দক্ষিণ চব্বিশ পরগনার বেআইনী মদ খেয়ে মৃতদের জন্য ক্ষতিপুরণ ঘোষণা।
  - (৭) তমলুক কেন্দ্রীয় সমবায় ব্যাজ্ঞ্চ এমন দুজন বড়ো মাপের দেনাদারের কাছে নোটিশ জারি করে যারা ইচ্ছাকৃতভাবে ব্যাজ্ঞ্চের ঝণ ফেরত দিচ্ছে না। এতে মমতা ব্যাজ্ঞ্চের ম্যানেজমেন্টকে তীব্রভাবে আক্রমণ করেন এবং তাদের বিরুদ্ধে এফ.আই.আর করার নির্দেশ দেন। এর ফলে এ রাজ্যে সমবায় আন্দোলনের মৃত্যুঘন্টা বেজে গেছে। ব্রিটশরা ১৯০৪ সালে মহাজনদের কবল থেকে গবির কৃষকদের বাঁচাতে সমবায় আইন করেন। সেই আইন বহু সময় পেরিয়ে আজো টিকে আছে। ব্যাজ্ঞ্চগুলি ৩৫ শতাংশের বেশি কৃষিঝণ দেয়। সমবায়ের আন্দোলন, আইন এবং এর সুযোগ সুবিধা সম্পর্কে মমতার কোনো ধারণা নেই। তাঁর সমবায় মন্ত্রী পুলিশের লোক। স্থানীয় অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার সরকারি অনুমোদন দেওয়ার পরেই এসব ক্ষেত্রে নোটিশ পাঠানো হয়। তাঁর চট্জলদি পদক্ষেপ কৃষকদের প্রচুর হারে সুদ নেওয়া মহাজনদের দিকে আবার ঠেলে দিতে পারে।
  - (৮) ৫০টি জনের ঝণগ্রস্ত কৃষকদের আত্মহত্যার ঘটনায় কোনো সহানুভূচ্জির বাক্য উচ্চারিত হয়নি, এ ধরনের দুঃখজনক ঘটনা বন্ধ করতে কোনো পদক্ষেপ নেওয়ার কথা না বলাই ভালো।
  - (৯) তৃণমূল কংগ্রেসের ছাত্রসংগঠন বিভিন্ন কলেজে ছাত্র সংসদ দখল করার জন্য কলেজে অশান্তির সৃষ্টি, অধ্যাপক ও অধ্যক্ষদের হেনস্থা ইত্যাদি তো করছেই, তবে তার সজ্যে সুরেন্দ্রনাথ ও অন্যান্য কলেজে তারা নিজেদের মধ্যে মাঝে মধ্যেই এমন কুৎসিতভাবে মারামারি করছে যে কলেজ কর্তৃপক্ষ কলেজ বন্ধ রাখতে বাধ্য হচ্ছে।

(১০) কেন্দ্রে ইউপিএ-২ সরকারকে মমতার নিয়মিত ব্ল্যাকমেল, বার ফলে শুধু অর্থনৈতিক সংস্থারের পদক্ষেপই থমকে যাচ্ছে না, বাংলার স্বার্থরক্ষার খাতিরেই এসব করছেন, মমতার এহেন ভূয়ো দাবির ফলে দেশের যুক্তরান্ত্রীয় কাঠামোও ক্ষতিগ্রস্ত হচ্ছে।

এখানে মাত্র দশটি বিষয় উন্নিষিত হয়েছে, এই সংখ্যা এক ডজন বা গোটাকুড়ি ছাড়িয়ে যেতে পারে।

## একুশ আনি কে (লেখকের নিজের কথায়)

আমার একটিই জম্মদিন, ২৫ অস্টোবর, ১৯৩৭, বিজয়া দশমীর দিন। মমতা বন্দ্যোপাধ্যায়ের মতো দুটি নয়। তার মধ্যে একটি তাঁর বাবা-মার বানানো। কোন্ঠী অনুযায়ী ১৯৬০ সালের ৫ অক্টোবর, অন্টমী পুজোর দিন। তাঁর সৌভাগ্য এবং আমাদের দুর্ভাগ্য যে তিনি সেই কোষীটি পুড়িয়ে ফেলেন (পাতা ২০-২১ 'My Unforgettable Memrories', তাঁর আত্মজীবনী, তাঁর বাংলা থেকে খুবই খারাপভাবে অনুবাদ করা—বইটি ২০১২-র কলকাতা বইমেলায় দিল্লির লোটাস পাবলিশার্স প্রকাশ করেছে)। এই পুস্তিকার তিন নং অধ্যায়ে তাঁর দুটি জন্মদিনের গোটা বিষয়টি আলোচনা করা হয়েছে। আমার বাবা দীনেশ (ডাকনাম পাগলা) ১৯২০ সালে ম্যাট্রিকুলেশন পাশ করার পর ১৯২৩ সালে জামশেদপুর টিস্কো ফাাস্ট্ররিতে মেটাল শপ ট্রেনি হিসেবে যোগ দেন। কারণ তিনি বড়ো তালুকদারের ছেলে হিসেবে গ্রামে বসে নিচ্ফল জীবন কাটাতে চাননি। কাব্দে যোগ দেওয়ার সময় থেকেই নিয়মিত রোজনামচা লিখতেন। তাঁর সজো আগেই আমার মা নীহারকণার (জন্ম ১৯১০) বিয়ে হয়ে গেছিল। বিয়ের সময় নীহারকশার বয়স ১৩ বছর, তিনি প্রতিবেশী পাঁচ-ছটি প্রামের আরেক তালুকদার পরিবারের পাঁচ সম্রানের মধ্যে দিতীয়—দুটি মেয়ে, একটি ছেলে ও তারপর আরো দুটি মেরে। আমার জম্মের দিন, তারিখ ও সময়, সকাল ৫টা ৪৫ মিনিট, সবই আমার বাবার রোজনামচায় লেখা ছিল। এই তারিখ ২৫.১০.১৯৩৭, আমার পূর্ববন্ধা থেকে অভিবাসনের সার্টিফিকেট, স্কুল ফাইনালের (১৯৫২) সার্টিফিকেট, আমার সার্ভিস বুক, পাসপোর্ট সর্বত্র শেখা আছে।

আমার প্রপিতামহের একমাত্র মামা জগবন্ধু নাজির ছিলেন একইসকো তালুকদার ও নাজির, অর্থাৎ ঢাকা জেলার মুনশীগঞ্জ সাব-ডিভিশনের এসডিও অফিসে হেড ক্যাশিয়ার। সেখানে তাঁর একটি বাসাবাড়িও ছিল। ফারাক্কা থেকে গঙ্গার মূল শাখা পদ্মা, সেই পদ্মানদীর ধারে মুনশীগঞ্জ, যা তখন বিক্রমপুর পরগণার সদর বলে পরিচিত ছিল।

মুঘল সাম্রাজ্যের সূবে বাংলায় বারো ভূঁইঞার মধ্যে তিনজ্জন সবচেয়ে বেশি বিখ্যাত ছিলেন, তাঁদেরই একজন চাঁদ রায়ের রাজধানী ছিল মুনশীগঞ্জ। চাঁদ রায়ের সেনাধ্যক্ষ ছিলেন তাঁর ছোটো ভাই কেদার রায়। গৌড়ের (মালদা) ভূঁইঞা ঈশা খাঁর সঙ্গো যুদ্ধে তাঁরা অনেক সৈন্য হারান, ঈশা খাঁ অতিথি সেজে এসে চাঁদ রায়ের বোন সোনাকে অপহরণ করে নিয়ে যান। সৈন্যসামন্ত, অন্ধশন্ত্র হারিয়ে রায়রা দুর্বল হয়ে পড়েছিলেন। মুঘল বাহিনীর সেনাপতি, অম্বরের মহারাজা মানসিংহ রায় ভাইদের যুদ্ধে হারিয়ে তাঁদের হত্যা করেন। মুনশীগঞ্জে রায়দের বিরাট কেল্লার ভিতরকার প্রাসাদের উপরে উঠতে একশোর বেশি সিঁড়ি চড়তে হয়, পরবর্তীকালে প্রাসাদিট এসডিও-র বাসস্থানে পরিণত হয়। ১৯৪০ সালে যখন আমার বড়দা দিলীপ ম্যাট্রিকে সিনিয়র স্কলারশিপ পায়, সে বছর রাজ্য সরকারের প্রান্তন চিফ কনজারভেটর অফ ফরেস্টস সুবলসখা মন্ডল প্রথম হয়েছিলেন—তখন এসডিও ছিলেন প্রয়াত অশোক মিত্র, আই.সি.এস। ব্রেনোলিয়া কোম্পানি এখনো তাদের স্মৃতিশন্তি বাড়ানোর ভেষজ্ঞ টনিক ব্রেনোলিয়ার বিজ্ঞাপনে সুবলসখা মন্ডলের নাম ব্যবহার করে।

বিক্রমপুর পরগণার বছ্রযোগিনী গ্রাম অন্কের জাদুকর সোমেশ বসুর জন্মস্থান। তার দুহাজার বছর আগে ঐ গ্রাম অতীশ দীপকরের জন্ম দের, যিনি নালন্দা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হন এবং ৮০ বছর বয়সে বৌল্থধর্ম প্রচারের জন্য হিমালয় পোরিয়ে তিব্বতে যান। সেখানে গৌতম বৃন্ধ, অর্থাৎ ভগবান তথাগতর পরেই তার উপাসনা করা হয়। এই গ্রাম থেকে একসমর সাত-সাতজন যুবক আইসিএস হয়েছেন, যাঁদের মধ্যে সবচেয়ে উচ্ছল জ্যোতিছ সুকুমার সেন, পশ্চিমবক্ষার প্রথম মুখ্যসচিব ও ভারতের প্রথম নির্বাচন কমিশনার। সুদান সরকার ১৯৫৩ সালে সে দেশে নির্বাচন করার জন্য তার সাহায্য চায়। সুদানের রাজধানী খার্তুমের একটি মূল রাস্তা তার নামাজ্যিত। তার ছোটো ভাই ছিলেন প্রয়াত ব্যারিস্টার অশোক সেন, উচ্ছলেতম কেন্দ্রীয় আইনমন্ত্রী, তিনি জওহরলাল নেহরুর ক্যাবিনেটে ছিলেন, ইন্দিরা গান্ধীর ক্যাবিনেটে ছিলেন, এমনকী রাজ্বিব গান্ধীর ক্যাবিনেটেও ছিলেন। ছোটোবেলায় আমি ঐ গ্রামের সেন বাড়িতে গেছি, আমাদের গ্রাম ভরাকর থেকে সে বাড়ির দূর্মছ ছিল পায়ে হাঁটা। আমার মায়ের এক পিসির সেই গ্রামের গৃহ পরিবারে বিরে হয়েছিল, আর তাঁর ঘিতীয় ছেলের বিয়ে হয়েছিল জ্বিপুরার রাজপরিবারে।

জগবন্দু নাজিবের একমাত্র বোন, আমার প্রণিতামহের মারের বিরে হয় পার্শ্ববর্তী ফরিদপুর জেলায় এক জমিদারের সজো। তার স্বামীর অল্পবয়সে মৃত্যু হয়, আমার প্রণিতামহ মহিম চন্দ্র ঘোব রায় চৌধুরী তখন এক বছরের শিশু, তার ফলে তাঁকে সেই বিশাল জমিদারবাড়িতে অরক্ষিত অবস্থায় থাকতে হচ্ছিল। জগবন্দু তাঁর বোনও একমাত্র বোনগোর জীবনহানির আশক্ষা করে তাদের ভরাকর প্রামে নিয়ে আসেন, নিজের বাড়ির পাশে দিঘি, বাগান ইত্যাদি সহ ২৫ বিঘা জমির উপর তাদের নতুন বাড়ি করে দেন। তিনি উত্তরাধিকারহীন অবস্থায় মারা গোলে আমার প্রণিতামহ মহিমচন্দ্র ঘোব রায় চৌধুরী তাঁর মামার গাঁচটি গ্রামের তালুকদারি পান, এই পাঁচটি

গ্রাম ছিল—ভরাকর, বহর, সর্দারপাড়া, নোআড্ডা ও বাইডা। তিনি ব্রিটিশ রাজের থেকে রায়টৌধুরী উপাধি নান, যা আমরা দেশভাগের পর বর্জন করি। দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ ও তাঁর তুতো ভাই, সৃপ্রিম কোর্টের প্রথম প্রধান বিচারপতি এবং অশোক সেনের শ্বশুর এস.আর.দাশের জন্মস্থান তেলিরবাগ গ্রাম এবং ভারতের অন্যতম শ্রেষ্ঠ বৈজ্ঞানিক জগদীশচন্দ্র বসুর জন্মস্থান রাঢ়িখাল, দৃটিই আমাদের তালুকদারি গ্রাম এবং আমার মাতামহ বরদাচরণ দত্তর তালুকদারি গ্রাম, মিতারা, রাজবাড়ি, দিঘির পার ইত্যাদির বেশ কাছে। বরদাচরণ ছিলেন মুনশীগঞ্জের অতিরিম্ভ জেলা ও দায়রা জজের সেরেস্তাদার। আমার মায়ের মা গিরিন্দ্রবালার বাবা ছিলেন ঢাকার প্রখ্যাত রায় পরিবারের দুই বোনের অন্যতম। গিরিন্দ্রবালার বাবা ছিলেন উকিল, এছাড়া তিনি টানা ২৫ বছর জেলা কংগ্রেসের কোষাধ্যক্ষ ছিলেন। তাঁর দশ ছেলে, তাঁদের মধ্যে সর্বাধিক বিখ্যাত এস. কে. রায়, বেশাল ল্যাম্প কোম্পানির প্রতিষ্ঠাতা এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সহ-প্রতিষ্ঠাতা। রায় পরিবারে আমার এক তুতো ভাই এস. বি. রায় কয়েক বছরের জন্য (১৯৬৫-১৯৬৯) রাজ্যে স্বরান্ট্র সচিব

আমার প্রপিতামহের দুই জ্ঞাতিভাইয়ের একজন, কালীপ্রসন্ন ঘোষ আমাদের গ্রামেই থাকতেন, তাঁর বাড়িতেই ছিল গ্রামের ডাকঘর, তাঁকে বলা হত পূর্বের বিদ্যাসাগর। এমন কোনো শিক্ষিত ব্যক্তি নেই, যিনি তাঁর দৃটি বিখ্যাত বই 'প্রভাতচিন্তা' ও 'নিশীপচিন্তা'র প্রবন্ধগুলি পড়েননি, কারণ ১৯৬০-এর দশক পর্যন্ত প্রায় একশ বছর ধরে এই প্রবন্ধগুলি স্কুলের ক্লাস সেভেন থেকে কলেজের স্নাতক স্তর পর্যন্ত পাঠ্য ছিল। তিনি ভাওয়ালের রাজার এস্টেটের ম্যানেজারও ছিলেন, সেই সমন্ন এস্টেটের দায়ভার ছিল কোর্ট অফ ওয়ার্ডস-এর হাতে। কারণ রাজা তখন রহস্যজনকভাবে অন্তর্ধান করেছিলেন, পরে যুবক রাজা আরো রহস্যজনকভাবে ফিরেও আসেন। জনপ্রিয় বাংলা ছবি 'সন্ন্যাসীরাজা'-তে উন্তমকুমার এই রাজার ভূমিকায় অসাধারণ অভিনয় করেন।

প্রসিতামহের আরেক জ্ঞাতি ভাই ছিলেন চন্দ্রমাধব ঘোষ, তিনি ১৮৮৫ থেকে ১৯০৭ সাল পর্যন্ত, অর্থাৎ ২২ বছর কলকাতা হাইকোর্টের বিচারপতি ছিলেন। তিনি কলকাতা হাইকোর্টের প্রথম বার্রানি বিচারপতিদের অন্যতম, শেষ দুবছর তিনি প্রধান বিচারপতি ছিলেন। কলকাতা হাইকোর্টের দোতলায় ওঠার প্রথম ও দ্বিতীর ধাপের সিঁড়িগুলির মধ্যবতী ল্যান্ডিয়ে 'The Public' কর্তৃক স্থাপিত, তাঁর সাদা মার্বেল পাথরের আবক্ষ মূর্তি চোখে পড়ে। তাঁদের পৈত্রিক বসতবাড়িটি রাক্ষ্মী পদ্মার গর্ভে চলে যাওয়ার পর তাঁরা বোলঘর প্রামে চলে যান।

আমার প্রপিতামহ মহিম তালুকদার হওয়ার পর খেকে মাঝেমধ্যে মুনলীগঞ্জে

থাকতেন। তিনি তাঁর তালুকদারি এস্টেটে রামপাল ও পঞ্চশর নামে আরো দৃটি গ্রাম যোগ করেন এবং আজ থেকে প্রায় ১৭৫ বছর আগে তাঁর এস্টেটের বার্ষিক আয় ছিল ৮০,০০০ টাকা। মুনশীগঞ্জের একমাত্র নিয়মিত বাজারটিতে মাংস, মাছ, সবজি, বিবিধ টুকিটাকি জিনিসপত্রের জন্য আলাদা আলাদা ভাগ ছিল, সেই বাজার ও দৈনিক আর মাসকাবারি ব্যবহারের জিনিসপত্রে ১০০টি স্থায়ী দোকানের মাসিক ভাড়া থেকে তাঁর অতিরিক্ত আয় ছিল তিরিশ হাজার টাকা।

ভরাকরের সমস্ত পরিবারের ইতিহাস নিয়ে লেখা একটি ঢাউস বইতে এ সমস্ত তথ্য আছে। বইটি প্রকাশিত হওয়ার সময় আমি মেদিনীপুরের জেলাশাসক ছিলাম, যে তথ্যটি দিয়ে আমাদের পরিবারের ইতিহাস শেষ হয়। ১৯৭৫ সালে বইটি প্রকাশ করে মাইগ্রান্টস্ অ্যাসোসিয়েশন, এরা কালীঘাট ট্রাম ডিপোর কাছে একটি স্কুলে দুর্গাপুজো করতেন, তার সজো অন্যান্য সাজীতিক ও সাহিত্যিক অনুষ্ঠান, সবশেষে দেশপ্রিয় পার্কের কাছে প্রিয়া সিনেমা হলের পেছনে, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের বাড়িতে হতো বিজয়া সন্মিলনী, যেখানে ধনী অভিবাসীদের অর্ধসাহায্যে গ্রামের মেধাবী ছেলে-মেয়েদের সোনা-রুপোর মেডেল ও স্কলারশিপ দেওয়া হত।

আমার বাবা টিস্কোর ব্রাস্ট ফার্নেস ডিভিশনের মেন্টিং শপে সুপারভাইজার হিসেবে ১৯৩০ সাল পর্যন্ত বছর দশেক চাকরি করেন। তিনি ও তাঁর ছেলেমেয়েরা টাটানগর জ্বামশেদপুর অঞ্চলে গ্রীষ্মকালের তিনমাসের প্রচন্ড গরম আর সহ্য করতে পারছিলেন না। আমার মাতামহ তাঁকে মুনশীগঞ্জে ডেকে পাঠান, তিনি এসডিও -র অফিসে বাবার চাকরির ব্যস্থা করে দেন। ব্রিটিশ ভারতের তীব্রতম খাদ্য সঞ্চটের সময়, অর্থাৎ পঞ্চাশের মহন্তরের সময় (১৯৪৩) মুনশীগঞ্জে সাব ডিভিশনে খাদ্য ও সরবরাহ দপ্তর গঠিত হয়—জয়নূল আবেদিনের বহু ছবিতে ক্ষুধার্ত মানুষকে ফ্যানের জন্য কলকাতার রাস্তায় ভিক্ষা করতে দেখা যায়, দেখা যায় অনাহারে মৃত মানুষের স্থপ, যেসব ছবি দেখলে চোখে জল আসে। এসডিও অশোক মিত্র আমার বাবাকে খাদ্য ও সরবরাহ দপ্তরের এআরসিপি ও এস.সি. এফ.এস হিসেবে নিয়োগ করে ছিলেন। মে সময় গোটা সাব-ডিভিসনে চালের ঘাটতি দেখা দিয়েছিল এবং সকলেই বাঁলাম চাল নামে একধরনের চালের উপর নির্ভরশীল ছিল। সেই চাল নৌকায় করে ফরিদপুর, বরিশাল ও অন্যান্য উ**দ্বন্ত অঞ্চল** থেকে নিয়ে আসা হত। সমূদ্রে চলা বড় বড় বোটে ব্যবসায়ীরা বার্মা থেকে প্রচুর রসদ আনাতো। বিতীয় বিশ্বযুদ্ধের সময় সরকার ভারতরক্ষা আইনে বেশিরভাগ নৌকা ধ্বংস করে ফেলে এবং অনেক নৌকা বাজেরাপ্ত করে, তাছাড়া সেনাবাহিনীর রসদের জন্য সরকার বাজার থেকে সমস্ত উত্বত্ত খাদ্যশস্য তুলে নেয়; এইসব কারণে দুর্ভিক্ষ তীব্র আকার ধারণ করে এবং মৃত বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়ে। শুধুমাত্র সরকারি হিসেবেই ১০ লাখ মানুষ প্রাণ হারান।

আমার বাবা রেশন দোকানগুলির মাধ্যমে খাদ্য সংগ্রহ ও বন্টনের নেট ওয়ার্ক গাড়ে তোলেন। চাল, মুসুর ডাল, সর্ধের তেল, চিনি এবং কেরাসিনের পাশাপাশি মার্কিন ধান নামে খসখসে কাপড়ও সরবরাহ করা হত। আমার বাবা সরকারি গুদামের ভাঁড়ার এবং রেশন দোকানের বন্টন তদারক করতে নৌকায় চেপে দূরদূরান্তের গ্রামে চলে যেতেন। সুসংগঠিত রেশন ব্যবস্থা সঠিকভাবেই চলে, দুর্ভিক্ষ নিয়দ্রশে আসে, এবং এসভিওর মাধ্যমে সরকার আমার বাবার পরিশ্রমের স্বীকৃতিও দেন। সরকার তখন ভালোভাবে কাজ করার জন্য ছোট ছোট অঙ্কে অর্থ পুরস্কার হিসেবে দিত।

কিন্তু বিভুদিন পরেই বিদেশি শাসকদের থেকে তথাকথিত স্বাধীনতা পাওয়ার জন্য দেশভাগের ভূত দেখা দেয়। ১৯৪৭ সালের জুন মাসে দেশভাগের সিন্ধান্ত ঘোষিত হওয়ার সময় সমস্ত হিন্দু সরকারি কর্মচারীকে পূর্ব পাকিস্তানে থেকে যাওয়ার অথবা পশ্চিমবজ্যের নতুন সরকারে যোগ দেওয়ার বিষয়ে সিন্ধান্ত নেওয়ার অধিকার দেওয়া হয়।

আবার বাবাকে তাঁর মা তাঁর পৈত্রিক বাড়ি ও জমি ছেড়ে না যেতে আদেশ করেন। তিনি সেই আদেশ অমান্য করতে পারেননি। তিনি প্রথমে ময়মনসিংহের নেত্রকোনা সাব-ডিভিশনে ও তারপরে জামালপুরে সাব-ডিভিশনে বদলি হন।

১৯৫০ সালে ফেব্রুয়ারির শেষে দাশা শুরু হলে আমাদের সরকারি শরণার্থী শিবিরে আশ্রয় নিতে হয়। আমি তখন জামালপুরের সরকারি স্কুলে ক্লাস নাইনের ছাত্র।

আমি আমার দুই দিদির সংশা ভারতে আসি। ট্রেন শিয়ালদা পৌছলে আমরা ট্যাক্সি নিয়ে ৪৫, পাম এভেনিউতে আমাদের পিসির বাড়ি যাই—সেই বাড়িটি এখন ক্ষমতাসীন ও ক্ষমতার বাইরে থাকা রাজনীতিকদের সরকারি আবাস, যেখানে প্রদীপ ভট্টাচার্য ও সর্দার আমজাদ আলি খান আনন্দের সংশা বৃশ্বদেব ভট্টাচার্য ও অন্যদের প্রতিবেশী হিসেবে আছেন। সেখান থেকে আমরা চুঁচুড়ার আমাদের মাসির বাড়ি যাই। তাঁর স্বামী পুরনো ইমামবাড়া সরকারি হাসপাতালের ডাক্তার ছিলেন।

আমি টুঁটুড়ার ডাফ হাইস্কুলে ক্লাস নাইনে ভর্তি হই। আমার বড়িদ হুগালি কালেক্টরেটে চাকরি পান। ক্লাস টেনে ওঠার পর আমি আমার কাকা আর.এন. ঘোষের সক্ষো থাকতে চলে যাই, তিনি তখন এইচ এম ভি গ্রামোফোন কোম্পানির আসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ছিলেন। তিনি অবিবাহিত ছিলেন এবং নাগের বাজারের কাছে আর.এ. কিদোয়াই রোডে একটি প্রকাশ্ড বড়ো ভাড়া বাড়িতে থাকতেন।

আমি কে. কে. হিন্দু আকাডেমিতে ক্লাস টেনে ভর্তি হই এবং ১৯৫২ সালে মাসিক ১২ টাকায় জুনিয়র স্কলারশিপ নিয়ে স্কুল ফাইনাল পাশ করি। এরপর আমি দমদম মোতিঝিল কলেজে ভর্তি হই এবং ১৯৫৪ সালে সেখান থেকে মাসিক ১৮ ্টাকার জুনিয়র স্কলারশিপ নিয়ে আইএসসি পরীক্ষায় পাশ করি। সেখান থেকে আমি পদার্থ বিদ্যায় অনার্স নিয়ে প্রেসিডেন্সি কলেজে ভর্তি হই। দুর্ভাগ্যবশত ১৯৫৬ সালে আমি অনার্স ডিগ্রি পাইনি, কারণ সায়েন্স কলেজে প্র্যাকটিকালের দ্বিতীয় পত্রে পরীক্ষার সময় আমি থার্মোমিটার ভেঙে ফেলি।

১৯৫৭ সালে আমি মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজের সাশ্য বিভাগে বাণিজ্ঞা শাখার ভর্তি হই। এখানেও আমি দু নম্বরের জন্য প্রথম শ্রেণিতে উত্তর্প হইনি, প্রয়োজনীয় ৬০০ নম্বরের জায়গায় আমি ৫৯৮ নম্বর পাই।

ইতিমধ্যে আমি ১৯৫৭ সালের পি.এস.সি.পরীক্ষায় অন্টাদশ স্থান পেয়ে ১৯৫৮ সালে মহাকরণের ত্রাণ বিভাগে ১৩৫ টাকা মাসিক মাইনের লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্টের চাকরিতে ঢুকি। ১৯৫৭ সালের পরীক্ষায় প্রথম স্থান পেয়েছিলেন জনৈক কাশীনাথ। ১৯৬০ সালে আমি ডব্রু. বি.সি.এস. পরীক্ষায় বসি এবং তৃতীয় স্থান অধিকার করি। প্রথম দৃটি স্থান পান কুম্বপদ শান্তিল্য ও রবীন মুখোপাধ্যায়। আমি ডেপটি ম্যাজিস্টেট ও কালেক্টর হিসেবে কোচবিহারে পোস্টিং গাই। তিন বছরের কিছু বেশিদিন ডব্রবিসিএস অফিসার হিসেবে কাজ করি। ১৯৬৩ সালে ্র প্রথমবার আইএএস পরীক্ষায় বসে আমি আইপিএস অফিসারের চাকরি পাই। সে চাকরি নিইনি। দ্বিতীয়বারের চেন্টায় আমি ১৯৬৪ সালে পশ্চিমবুলা ক্যাডারের আটজন আইএএস-এর মধ্যে শীর্ষস্থান পাই। টেনিংয়ের পর কালিম্পংয়ের এসডিও নিযুক্ত হই এবং ১৯৬৬ সালের ১৮ ফেব্রুয়ারি সেখানে যোগ দিই। অত্যস্ত আনন্দের বিষয় যে আমি আমার প্রতিবেশী হিসেবে পাই স্যার বীরেন ও লেডি রাণু মুখোপাধ্যায়ের বড়ো মেয়ে গীতাদিকে। তিনি স্থানীয় একটি কলেন্ধে ইতিহাসের লেকচারার ছিলেন। তাঁর ছোটো বোন নীতা প্রেসিডেন্সি কলেজে আমাদের বছরেই পডত। আমার আরেক প্রতিবেশী ছিলেন সুধীরশ্বন দাশ, দেশবন্দু চিন্তরশ্বন দাশের তুতো ভাই, অশোক সেনের শ্বশর এবং সর্বোপরি সপ্রিম কোর্টের প্রথম বাঙালি প্রধান বিচারপতি। তাঁর আত্মজীবনী 'যা দেখেছি, যা পেয়েছি'-তে আমার সম্পর্কে কয়েক লাইন আছে।

১৯৬৭ সালের নির্বাচনের পর আমি আশা করেছিলাম যে স্বরাষ্ট্রবিভাগের অবর সচিব পদে নিযুক্ত হব, কারণ ব্যাচের প্রথম স্থানাধিকারীকে এসডিও পদে কিছুদিন কাজ করার পর, ঐ পদ দেওয়াটাই ছিল রীতি। কিছু সেই সময় শিলিগুড়ি সাব-ডিভিশনে নকশালবাড়ির অভ্যুত্থান শুরু হয় এবং আমি সেখানে এসডিও হিসেবে বদলি হয়ে যাই। এই অভ্যুত্থান নিয়ম্বণে আসার পর আমি অতিরিক্ত জেলাশাসক হিসেবে নিদয়া জেলায় যাই। এরপর আমি কলকাতায় কো-অপারেটিভ সোসাইটিগুলির অতিরিক্ত রেজিস্টার হিসেবে নিযুক্ত হই এবং আর সময় নই না করে আমার আট বছরের প্রেমিকা চন্দ্রলেখাকে বিয়ে করে ফেলি। সে কবি যতীক্তমোহন বাগচীর ডজনখানেক নাতি-নাতনির মধ্যে তাঁর

সর্বাধিক প্রিয়। যদি এমন কোনো বাঙালি থেকে থাকে, যাকে যতীন্দ্রমোহনের 'দিদি-হারা' কবিতাটি (বাঁশবাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই, এমন সময় মাগো আমার শোলোক বলা কাজলাদিদি কই) নাড়া দেয়নি, তবে সে বাঙালিই নয়। তিনি প্রায় ৬৪ বছর আগে 'শিশুসাথী'-তে 'দুইু' নামে একটি কবিতা লেখেন, তাঁর প্রিয় নাতনি 'কুহু'-র দুইুমির কথা নিয়ে। বলা বাহুল্য, কুহু আমার স্ত্রীর ডাকনাম।

চন্দ্রলেখার মা অটোগ্রাফ সংগ্রহ করতেন, রবীন্দ্রনাথ ঠাকুর, সুভাষচন্দ্র বসু, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, নজবুল ইসলাম এবং তৎকালীন বাংলার আরো বহু বিখ্যাত মানুষের অটোগ্রাফ তিনি সংগ্রহ করেন। তাঁর সেই অটোগ্রাফ খাতাটি আমার স্ত্রীর সবচেয়ে মূল্যবান সম্পদ।

আমি বিভিন্ন সময় যে সমস্ত পদে কাজ করেছি, সেগুলি হল (১) গোটা উত্তরবজ্ঞার সার্ভে অ্যান্ড সেট্লমেন্ট অফিসার (আগস্ট, ১৯৬৯—এপ্রিল ১৯৭১), বাংলাদেশের মৃক্তিযুন্ধ চলাকালীন (৩ ডিসেম্বর—১৪ ডিসেম্বর) ২ বছর ছিলাম নদীয়ার জেলাশাসক। জ্বেলাশাসকের বাংলোর একতলাতেই ছিল আসল মুজ্বিনগর, অর্থাৎ বাংলাদেশের অন্তর্বতী সরকারের রাজধানী, (৩) মেদিনীপুরের জেলা শাসক (মে, ১৯৭৩—আগস্ট্র ১৯৭৬), সেই সময় অসীম চট্টোপাধ্যায়, সন্তোষ রাণা, মিহির রাণা, জয়শ্রী রাগ্না প্রমুখ নকশাল নেতারা গ্রেপ্তার হন এবং তাঁদের মেদিনীপুর সেম্মাল জেলে রাখা হয়, (৪) রেজিস্টার অফ কো-অপারেটিভ সোসাইটিজ (অগস্ট, ১৯৭৬—এপ্রিল, ১৯৮০), (৫) অর্থ দপ্তরের যুগ্ম সচিব (এপ্রিল, ১৯৮০—ফেব্রুয়ারি, (১৯৮১), (৬) খাদ্য ও সরবরাহ দপ্তরের বিশেষ সচিব (মার্চ, ১৯৮১—ফেব্রুয়ারি, ১৯৮২) (৭) ত্রাণ ও জনকন্যাণ দপ্তরের সচিব (মার্চ, ১৯৮২- মার্চ ১৯৮৩), (৮) আয়রন অ্যান্ড স্টিল কন্ট্রোলার এবং পদাধিকার বলে, ভারত সরকারের ইস্পাত মন্ত্রকের যুগা সচিব (এপ্রিল, ১৯৮৩—এপ্রিল, ১৯৮৮), (৯) শ্রম দপ্তরের সচিব (মে, ১৯৮৮—ফেব্রুয়ারি, ১৯৯১, (১০) খাদ্য ও সরবরাহ দপ্তরের সচিব (মার্চ, ১৯৯১—জুলাই, ১৯৯৩), (১১) পুর দপ্তরের সচিব (মার্চ, ১৯৯৩—জুলাই, ১৯৯৩) এবং (১২) তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব (আগস্ট, ১৯৯৩—অক্টোবর, ১৯৯৫)।

তৎকালীন কেন্দ্রীয় মন্ত্রী পি.এ. সাংমা আমাকে সরকারিভাবে কলকাতার সত্যজ্ঞিৎ রায় ফিল্ম আন্ড টেলিভিশন ইনস্টিটিউটের অধিকর্তার পদ দিতে চেয়েছিলেন। আমি রাজ্ঞি হইনি। পশ্চিমবকা শিক্ষোন্নয়ন নিগমের তৎকালীন চেয়ারম্যান শ্রী সোমনাথ চট্টোপাধ্যায় আমাকে তাঁর সংস্থায় যোগ দিতে বলেন, আমি সবিনয়ে প্রত্যাখ্যান করি।

আমার একমাত্র কন্যা দময়ন্তীর সঙ্গো প্রান্তন অ্যাডভোকেট্ জেনারেল নরনারায়ণ গুপ্তর একমাত্র পুত্রের বিয়ে হয়েছে। আমার জামাতাও ব্যারিস্টার। আমার একমাত্র ছেলে উদ্দালকের নিজস্ব ব্যবসা আছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের ব্যক্তিগত সচিব গৌতম বসুর সঙ্গো তার ঘনিষ্ঠ বন্ধুত্ব ছিল। গৌতমের দুঃখজনক মৃত্যুর পর আমার ছেলে সমস্ত রকম রাজনৈতিক দল সম্পর্কে আগ্রহ হারিয়ে ফেলে।

আমি ৩৭ বছর ৬ মাস সরকারি চাকরি করে ১৯৯৫ সালের ৩১ অক্টোবর অবসর নিই। পরের দিন আমি কংগ্রেসে যোগ দিই, সৌজন্যে শ্রী সোমেন মিত্র, পশ্চিমবক্ষা প্রদেশ কংগ্রেসের তৎকালীন সভাপতি। মমতা তাঁর স্মৃতিকথায় সোমেন মিত্রকে 'ছোড়দা' নামে ডেকেছেন। এছাড়া তিনি প্রণব মুখোপাধ্যায়কে 'বড়দা', প্রিয়রঞ্জন দাশমুন্দীকে 'মেজদা' ও সোনিয়া গান্দিকে 'রানীমা' বলে সম্বোধন করেছেন (মমতা বন্দ্যোপাধ্যায়ের 'My unforgettable Memories'-এর ১০০-১১২ পাতা—প্রতিলিপি নীচে দেওয়া হল)।

মমতার দলে আমার দুর্ভাগ্যের তের বছরের আখ্যান এক ও দুই নম্বর অধ্যায়ে বলা হয়েছে।

সিন্সুর আন্দোলনের পর আমি প্রায় ছ বছর ধরে বহু সংবাদপত্রে উত্তর-সম্পাদকীয়

শ্বিবৃশ্ব লিখেছি।

এখন আমি বাইরের সমস্ত কাজ থেকে বিরতি নিয়ে একটি আদ্মজীবনী
লেখার কাজ শুরু করতে চাই—যেটিতে সব সত্য তথ্য দিয়ে বলা হবে, মমতার
'Unforgettable memories'-এর মতো যা শুধু মিখ্যে আর মিখ্যে দিয়ে
ভরা থাকবে না।



# লেখক পরিচিতি

দীপক কুমার যোগ লেখক নন। তবু এই ৭৫ বছর বয়সে তিনি অনেক পরিশ্রম করে বহু তথ্য, মূলতঃ বরকারী সন্তিলপত্র, চিঠি ইত্যাদি সংগ্রহ করে এই বইটি লিখেছেন।

প্রেসিডেলী কলেজ থেকে পদার্থ বিদ্যার, নহারাজা নলীন্দ্র চন্দ্র কলেজ থেকে বাণিজ্যবিদ্যার ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের হাজর 'ল' কলেজ থেকে আইনে সাতক, সুল শিক্ষক, নহাকরণে নিপ্নবর্গের কেরানী, ডেপুটি ন্যাজিস্ট্রেট এবং অবশেষে আই ও এস. পরীক্ষার পশ্চিমবঙ্গের পরীক্ষার্থীদের মধ্যে প্রথম স্থান অধিকার করে মোট ৩৭ বছর আমলার কাজ করেন, তারপর ২ বছর জাতীয় কংগ্রেস ও ১৩ বছর তৃণমূল কংগ্রেসে থেকে দুখার বিধায়ক হয়ে বর্তমানে তথাক্থিত মূল্যবোধের রাজনীতি কর রাজনৈতিক নেতাদের মুখোশখুলে দিতেই এই বইটি লিখেছেন। সহাদর পাঠকবর্গ তাদের অমূল্য মতামত জানালে লেখক বাধিত হবেন।



৪৮/১২ এন এন নি বোন রোচ ক্রকাতা - ৭০০০৪০

स्मान : क्रिक्टिव्युक्टिक / प्रयुक्ति प्रकार